আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

কস্মিণকালেও কল্যাণ লাভ করতে পারবে না, যদি তোমাদের প্রিয় বস্তু থেকে তোমরা ব্যয় না করো। আর তোমরা যদি কিছু ব্যয় করবে আল্লাহ তা জানেন।

সূরা আল ইমরান ৯২

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ মঙ্গলবার ॥ ০৩ নভেম্বর ২০২৬ ॥ ২২ জমাদিউল উলা ১৪৪৮ ॥ ১৮ কার্তিক ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ১৪৭ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

নতুন আঙ্গীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট
ব্যাটক্স সিমেন্ট
স্থায়ীত্বের মজবুত নোঙ্গর
সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১৯৩২৭৭০৫



পোশাক শ্রমিকদের মজুরি নিয়ে দ্রুত সিদ্ধান্ত: স্বরাষ্ট্রমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক

তৈরি পোশাকশিল্পের শ্রমিকদের ন্যূনতম মজুরি নির্ধারণে গঠিত মজুরি বোর্ড দ্রুত কাজ শুরু করবে বলে জানিয়েছেন ২ এর পাতায় দেখুন



বিরোধী দলের জন্য এখনও আলোচনার দ্বার উন্মুক্ত: চিফ হুইপ

কীর্তনখোলা ডেস্ক

বিরোধী দলের জন্য আলোচনার দ্বার এখনও উন্মুক্ত রয়েছে বলে জানিয়েছেন জাতীয় সংসদের চিফ হুইপ নূরুল ইসলাম মনি। ২ এর পাতায় দেখুন



পোশাকশিল্পে অস্থিরতা সরকারকে কঠোর অবস্থান নিতে হবে: জামায়াত আমির

কীর্তনখোলা ডেস্ক

পোশাকশিল্পের অস্থিরতার ব্যাপারে সরকারকে কঠোর অবস্থান নিতে হবে বলে মন্তব্য করেছেন বিরোধীদলীয় নেতা ও জামায়াতে ২ এর পাতায় দেখুন



ভারত পানি না দিলে ভারতীয় পণ্য, করিডর ও ট্রানজিট বন্ধ করতে হবে: নাহিদ ইসলাম

কীর্তনখোলা ডেস্ক

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক ও বিরোধীদলীয় চিফ হুইপ নাহিদ ইসলাম বলেছেন, বাংলাদেশের সঙ্গে ২ এর পাতায় দেখুন



এবার ২২৩ টাকা বাড়লো এলপিজির দাম

কীর্তনখোলা ডেস্ক

ভোক্তাপর্যায়ে তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাসের (এলপিজি) দাম বাড়িয়েছে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি)। প্রতি ১২ কেজি সিলিন্ডারের দাম ১ হাজার ৮৩৭ টাকা থেকে বাড়িয়ে ২ হাজার ৬০ টাকা নির্ধারণ করা হয়েছে। ফলে ১২ কেজি সিলিন্ডারে দাম বেড়েছে ২২৩ টাকা। সোমবার (২ নভেম্বর) এক বার্তায় এ মূল্য ঘোষণা করে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি)। যা সোমবার রাত ৮টা থেকে কার্যকর হয়েছে। এছাড়া অটোগ্যাসের দাম ৮৪ টাকা ৬২ পয়সা থেকে বাড়িয়ে ৯১ টাকা ৯৫ পয়সা নির্ধারণ করা হয়েছে। দেশে বাসাবাড়িতে রান্নার কাজে এলপিজির ব্যবহার দিন দিন বাড়ছে। বিশেষ করে রাজধানী ঢাকা ও বড় শহরগুলোতে পাইপলাইনের গ্যাসের সংযোগ না থাকা এবং নতুন সংযোগ সীমিত থাকায় অনেক পরিবার সিলিন্ডার গ্যাসের ওপর নির্ভরশীল। ফলে এলপিজির দাম বাড়লে সরাসরি বাড়তি ব্যয়ের মুখে পড়েন সাধারণ ভোক্তারা। এলপিজির মূল্য ২ এর পাতায় দেখুন

এইচএসসিতে ধস

সারাদেশে কলেজে ১০০ জনের ৬৫ জনই ক্লাসে অনিয়মিত

কীর্তনখোলা ডেস্ক

দেশের শিক্ষাপ্রতিষ্ঠানে ক্লাসে উপস্থিতি ক্রমেই কমছে। উচ্চমাধ্যমিক তথা একাদশ ও দ্বাদশ শ্রেণিতে এ সমস্যা আরও বেশি। গড়ে ৩০-৩৫ শতাংশ শিক্ষার্থী ক্লাসে নিয়মিত উপস্থিত থাকেন। অর্থাৎ বাকি ৬৫-৭০ শতাংশ শিক্ষার্থী ক্লাসে অনিয়মত। ব্যাপক হারে এ অনুপস্থিতিতে শিক্ষার্থীদের শিখন ঘাটতি ভয়াবহ রকম বাড়ছে, যার প্রভাব পড়েছে এবারের এইচএসসি পরীক্ষার ফলাফলে। ক্লাসে শিক্ষার্থীদের কম উপস্থিতি, পাঠদানে ঘাটতি এবং শিক্ষাব্যবস্থার কাঠামোগত দুর্বলতাকে এবারের এইচএসসি পরীক্ষার ফল বিপর্যয়ের অন্যতম কারণ হিসেবে দেখছেন শিক্ষাসংশ্লিষ্টরা। ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক সৈয়দ আক্তারুজ্জামান বলেন, 'শিক্ষার্থীদের শ্রেণিকক্ষে মনোযোগের অভাব রয়েছে। আমরা বিভিন্ন জরিপ ও গবেষণায় দেখছি, উচ্চমাধ্যমিক স্তরে গড়ে মাত্র ৩০ থেকে ৩৫ শতাংশ শিক্ষার্থী ক্লাসে উপস্থিত থাকছে। বাকি ৬৫-৭০ শতাংশ শিক্ষার্থীকে আমরা নিয়মিত ক্লাসে আনতে পারছি না। এটা তো অত্যন্ত আশঙ্কাজনক। ফল খারাপ হওয়ার পেছনে এটি হয়তো বড় কারণ হতে পারে।' তিনি বলেন, উত্তরপত্র বা খাতা মূল্যায়ন প্রক্রিয়াকে নির্ভুল করার কাজ আমরা করছি। এটা সুষ্ঠুভাবে করার চেষ্টা চলছে। কিন্তু এখনো একটি যৌক্তিক ও কার্যকর শিক্ষাব্যবস্থা গড়ে তোলা সম্ভব হয়নি। সে কারণে নিম্নমুখী ফল দেখতে হচ্ছে আমাদের।' ফল বিপর্যয়ের জন্য শিক্ষক ও শিক্ষার্থী উভয় পক্ষের ঘাটতিকে দায়ী করেছেন বাংলাদেশ অভিভাবক ঐক্য ফোরামের সভাপতি বীর মুক্তিযোদ্ধা জিয়াউল কবির দুলু। তিনি ২ এর পাতায় দেখুন



ধর্মকে রাজনৈতিক স্বার্থে ব্যবহার না করার আহ্বান

কীর্তনখোলা রিপোর্ট

প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা জহির উদ্দিন স্বপন বলেছেন, ধর্মীয় বিশ্বাসকে পুঁজি করে সংঘাত ও রাজনৈতিক ফায়দা হাসিল বন্ধ করতে হবে। ধর্মকে রাজনৈতিক স্বার্থে ব্যবহার না করে পারস্পরিক শ্রদ্ধা, সহনশীলতা ও সম্প্রীতির পরিবেশ গড়ে তোলার আহ্বান জানান তিনি। গতকাল বরিশাল বিডিএস মিলনায়তনে 'ধর্মীয় স্বাধীনতা ও সম্প্রীতি প্রসারে করণীয়' শীর্ষক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি। উপদেষ্টা বলেন, ধর্মীয় বিশ্বাসকে কেন্দ্র করে সংঘাত তৈরি হলে সাধারণ মানুষই সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়। অথচ ধর্মকে পুঁজি করে রাজনীতি করা ব্যক্তিরাই সেখান থেকে বেশি সুবিধা ভোগ করে। ধর্মীয় স্বাধীনতা ও সম্প্রীতি প্রতিষ্ঠায় পারস্পরিক সহযোগিতা ও সংলাপের ওপর গুরুত্বারোপ করে তিনি বলেন, একটি গণতান্ত্রিক ও অন্তর্ভুক্তিমূলক সমাজ গঠনে ধর্মীয় স্বাধীনতা ও পারস্পরিক সম্প্রীতির কোনো বিকল্প নেই। ধর্ম-বর্ণ নির্বিশেষে প্রত্যেক নাগরিকের নিজ নিজ ধর্ম পালনের ২ এর পাতায় দেখুন

১০টা পর্যন্ত দোকানপাট খোলা রাখতে চান ব্যবসায়ীরা

কীর্তনখোলা ডেস্ক

ঢাকাসহ সারা দেশের মার্কেট, বিপণিবিতান ও দোকানপাট রাত ৮টার পরিবর্তে রাত ১০টা পর্যন্ত খোলা রাখার অনুমতি চেয়েছে বাংলাদেশ দোকান ব্যবসায়ী মালিক সমিতি। এ বিষয়ে প্রয়োজনীয় সরকারি নির্দেশনা জারির জন্য বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদমন্ত্রীর প্রতি বিশেষ অনুরোধ জানিয়েছে সংগঠনটি। সোমবার (২ নভেম্বর) সংগঠনের সভাপতি মো. নাজমুল হাসান মাহমুদ ও সাধারণ সম্পাদক মো. আরিফুর রহমান টিপুর সই করা এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ দাবি জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, ঢাকা ও দেশের বিভিন্ন এলাকার মার্কেট, বিপণিবিতান ও শপিংমলে বর্তমানে ক্রেতাসংকট ও বিক্রিতে মন্দা দেখা দিয়েছে। রাত ৮টার মধ্যে দোকানপাট ২ এর পাতায় দেখুন



চরকাউয়া থেকে ৬ রুটে বাস চলাচল বন্ধে যাত্রী ভোগান্তি

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল সদর উপজেলার চরকাউয়া বাস টার্মিনাল থেকে ছয়টি রুটে বাস চলাচল বন্ধ রয়েছে। সোমবার সকাল থেকে এসব রুটের বাস চলাচল বন্ধ করে বিক্ষোভ করছেন চরকাউয়া বাস মালিক ও শ্রমিক ইউনিয়নের সদস্যরা। সড়ক থেকে থ্রিহুইলার ও ব্যাটারিচালিত অটোরিকশা চলাচল বন্ধের দাবিতে এ কর্মসূচি পালন করছেন তাঁরা। চরকাউয়া ইউনিয়নের এ বাস টার্মিনাল থেকে ডিসি রোড, লক্ষ্মীপাশা, লাহারহাট, কাটাদিয়া, হলতা ও সিদ্দিক বাজার রুটে প্রায় ৭০টি বাস চলাচল করে। এসব রুটে প্রতিদিন গড়ে কয়েক হাজার মানুষ যাতায়াত করেন। বাস চলাচল বন্ধ থাকায় বিপাকে ২ এর পাতায় দেখুন

এইচএসসিতে এক-দুই বিষয়ে অকৃতকার্যদের পরীক্ষা ও ফলাফল ডিসেম্বরে

কীর্তনখোলা ডেস্ক

চলতি বছরের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) ও সমমান পরীক্ষায় এক বা দুই বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীদের পরীক্ষা গ্রহণ, উত্তরপত্র মূল্যায়ন ও ফলাফল প্রকাশের কাজ আগামী ডিসেম্বরের মধ্যে শেষ করার পরিকল্পনা করা হয়েছে। সোমবার এ তথ্য জানিয়েছেন ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান এবং বাংলাদেশ আন্তশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি অধ্যাপক সৈয়দ আক্তারুজ্জামান। অধ্যাপক সৈয়দ আক্তারুজ্জামান বলেন, এক বা দুই বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীদের পরীক্ষা গ্রহণ, উত্তরপত্র মূল্যায়ন ও ফল প্রকাশের কাজ ২ থেকে ৩১ ডিসেম্বরের মধ্যে শেষ করার একটি খসড়া রোডম্যাপ তৈরি করা হয়েছে। এটি অনুমোদন পেলে নির্ধারিত সময়ের মধ্যে পুরো কার্যক্রম শেষ করার পরিকল্পনা রয়েছে। ফলাফল প্রকাশ ২ এর পাতায় দেখুন



ফ্যামিলি কার্ডের তথ্যে পক্ষপাতিত্ব ও অনিয়মের সুযোগ দেয়া যাবে না

কীর্তনখোলা রিপোর্ট

ফ্যামিলি কার্ড কর্মসূচির সুবিধা যেন কোনোভাবেই অযোগ্য ব্যক্তির হাতে না যায়, সে বিষয়ে মাঠপর্যায়ের কর্মকর্তাদের সতর্ক থাকার নির্দেশ দিয়েছেন বরিশালের বিভাগীয় কমিশনার খলিল আহমেদ। তিনি বলেছেন, প্রকৃত সুবিধাভোগী পরিবার চিহ্নিত করতে তথ্য সংগ্রহের প্রতিটি ধাপে নিরপেক্ষতা, স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করতে হবে। কোনো ধরনের পক্ষপাতিত্ব, প্রভাব কিংবা অনিয়মের সুযোগ দেয়া যাবে না। ফ্যামিলি কার্ড বাস্তবায়নের প্রস্তুতির অংশ হিসেবে সোমবার (২ নভেম্বর) সকালে বরিশাল জেলা সমাজসেবা কার্যালয়ের হলরুমে মাঠপর্যায়ের তথ্য ২ এর পাতায় দেখুন

সম্পাদক থেকে পাঠক, সকলের মুক্ত মত.....

হ্যালো ৯৯৯

বিশেষভাবে ছাত্রলীগের ওপর নজরদারি দরকার

দেশের বিভিন্ন এলাকায় প্রকাশ্যে এবং অপ্রকাশ্যে বেপরোয়া হয়ে উঠছে ছাত্রলীগ। মাঠে-ময়দানে কিংবা ফেইসবুকে তাদের অপপ্রচার চলছেই। এখনই তাদের দমাতে না পারলে ভয়াবহ পরিস্থিতির দিকে যাবে দেশের অবস্থা।

ইতোমধ্যে অনেক এলাকায় ছাত্রলীগকে সশস্ত্র অবস্থায় দেখা গেছে। তাদের মিছিল ও মারমুখী অবস্থান দিনে দিনে বেড়েই চলছে। তারা বাড়িয়েছে চোরাগুপ্তা হামলাও। তাদের নেত্রী পতিত স্বৈরাচার শেখ হাসিনার উস্কানিতেই নাকি তারা এই সন্ত্রাসী কর্মকাণ্ড জোরদার করছে। খুনী শেখ হাসিনা বলেছিলো, তোমরা তালিকা করে রাখো, এদের প্রত্যেককে খুঁজে খুঁজে বের করা হবে। ক্ষমতার বাইরে থেকেও, মানুষের ঘৃণা মাথায় নিয়ে ২ এর পাতায় দেখুন

সাংবাদিক হত্যার ৮৬ শতাংশ ঘটনার বিচার হয়নি: ইউনেসকো

কীর্তনখোলা ডেস্ক

বিশ্বজুড়ে সাংবাদিক, গণমাধ্যমকর্মী ও সাংবাদিকতামূলক কাজে যুক্ত ব্যক্তিদের হত্যার ৮৬ শতাংশ ঘটনার বিচার হয়নি। ২০২৪ ও ২০২৫ সালে এ ধরনের ১৮৯ জন নিহত হয়েছেন। তাদের হত্যাকাণ্ডের ৬৭ শতাংশ ঘটেছে সশস্ত্র সংঘাত চলমান দেশগুলোতে। সাংবাদিকদের বিরুদ্ধে সংঘটিত অপরাধের বিচারহীনতা অবসানের আন্তর্জাতিক দিবস উপলক্ষে দেওয়া এক বিবৃতিতে এসব তথ্য জানিয়েছে ইউনেসকো। সোমবার ২ এর পাতায় দেখুন

আদালত থেকে ফেরার পথে নারীর স্বর্ণালংকার-টাকাসহ মোবাইল লুট

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল আদালত থেকে বের হওয়ার পর এক নারীকে ঘিরে ধরে স্বর্ণালংকার, নগদ টাকা ও মোবাইল ফোন ছিনিয়ে নেওয়ার অভিযোগ উঠেছে দুই অজ্ঞাতনামা ব্যক্তির বিরুদ্ধে। এ ঘটনায় ভুক্তভোগী নারী বরিশাল মেট্রোপলিটন পুলিশের (বিএমপি) কোতোয়ালি মডেল থানায় লিখিত অভিযোগ দিয়েছেন। অভিযোগকারী লাহফা হনুফা (৪৭) বরিশাল নগরীর ২৬ নম্বর ওয়ার্ডের হরিনাফুলিয়া এলাকার বাসিন্দা। তিনি বরিশাল আদালতে আইনজীবীর সহকর্মী হিসেবে কর্মরত বলে অভিযোগপত্রে উল্লেখ করেছেন। লিখিত অভিযোগ সূত্রে জানা যায়, রোববার ম্যাজিস্ট্রেট আদালত থেকে একটি নথি নিয়ে বের হন তিনি। পরে সড়কে আসার পর দুই অজ্ঞাতনামা ব্যক্তি তাঁকে ডেকে কথা বলেন। একপর্যায়ে তাঁকে নিজেদের নিয়ন্ত্রণে নিয়ে পদ্মাবতী এলাকায় কামাল মিয়ার বাসার সামনে ৯ নম্বর ওয়ার্ডের একটি স্থানে নিয়ে যাওয়া হয়। অভিযোগে বলা হয়, সেখানে তাঁর কান থেকে চার আনা ওজনের এক জোড়া স্বর্ণের দুল, নগদ ১৯ হাজার ৫০৮ টাকা এবং একটি সিম্ফনি বাটন মোবাইল ফোন ছিনিয়ে নেওয়া হয়। ভুক্তভোগীর দেওয়া তথ্য অনুযায়ী, অভিযুক্তদের ২ এর পাতায় দেখুন



শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাপণ্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা



উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক

সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা

পথিক মোস্তফা (এমফিল, ইবি)

বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:
01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিলা সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি প্যারারোড, সদর রোড, বরিশাল 01711-264963	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868515	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ প্যারারোড, সদর রোড, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি অমৃত লাল দে কলেজের পাশে, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি বি.এম কলেজের সামনে 01726-074663	হক লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেট 01717-488083

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আবশ্যক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

সচেতন প্রয়াস কাম্য

দিনে দিনে প্রযুক্তির অভাবনীয় অগ্রগতি হয়েছে। অফিস-আদালত থেকে শুরু করে সাধারণ মানুষের দৈনন্দিন কাজকর্মে লেগেছে আধুনিক প্রযুক্তির ছোঁয়া। ব্যবসা-বাণিজ্য থেকে শুরু করে যোগাযোগব্যবস্থা আগের তুলনায় অনেক সহজ হয়েছে। অন্যদিকে অপরাধীচক্র এই প্রযুক্তিকেই বানিয়েছে হাতিয়ার। বিশেষ করে সাম্প্রতিক সময়ে কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) অনেকের কাছে আতঙ্কের নাম হয়ে দাঁড়িয়েছে। বহু মানুষের জীবন অসনীয় করে তুলেছে। সামাজিকভাবে হেয় প্রতিপন্ন হওয়ার পাশাপাশি অনেকে বিপুল আর্থিক ক্ষয়ক্ষতির শিকারও হয়েছেন। সবচেয়ে উদ্বেগের বিষয় হলো, এই সাইবার জগতের অপরাধীরা বেশির ভাগ ক্ষেত্রে ধরাছোঁয়ার বাইরে থেকে যাচ্ছে। এআই ঘিরে বড় যে উদ্বেগ তৈরি হয়েছে, তা হলো সত্য-মিথ্যার ভেদরেখা মুছে দেওয়া। এআই ব্যবহার করে অনেক ছবি ও ভিডিও কনটেন্ট তৈরি করে সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে দেওয়া হয়। তাৎক্ষণিক বোঝার উপায় থাকে না–এটি সত্য, নাকি নকল। অনেকে সত্য মনে করে সেই কনটেন্ট ছড়াতে থাকেন। অনেক সময় দেখা গেছে, সামাজিক উত্তেজনা তৈরি করে একটি দল নিজেদের ফায়দা হাসিল করে। রাজনৈতিক প্রতিপক্ষকে ঘায়েল করার জন্যও এআই দিয়ে তৈরি কনটেন্ট ছড়িয়ে দেওয়া হয়। এমন অপতথ্য অনেকের মৃত্যুর কারণ পর্যন্ত হয়েছে। শুধু কি বাংলাদেশ? না। সারা বিশ্বেই বাড়ছে এআই প্রযুক্তির অপব্যবহার। ইতালির প্রধানমন্ত্রী জর্জিয়া মেলোনিকে নিয়েও ছড়ানো হয়েছে এআই দিয়ে তৈরি একাধিক ভুয়া ছবি ও ভিডিও। সামাজিক যোগাযোগ মাধ্যমে মেলোনি জানান, তাঁর ভুয়া ছবিকে বাস্তব হিসেবে প্রচার করা হচ্ছে। তিনি বলেন, 'ডিপফেক ও এআই অত্যন্ত বিপজ্জনক হাতিয়ার, যা মানুষকে বিভ্রান্ত ও অপমানিত করতে পারে।' তবে আমাদের দেশের পরিস্থিতি বেশ নাজুক। কেননা এখানে অপরাধ বাড়লেও সেই তুলনায় আইনের প্রয়োগ নেই। সবচেয়ে বড় কথা হলো, সাধারণ মানুষের মধ্যে অভিযোগ করার প্রবণতাও কম। গতকাল কালের কণ্ঠে প্রকাশিত প্রতিবেদনে জানা যায়, ৯০ শতাংশের বেশি ভুক্তভোগী মামলা করতে চান না। এর কারণও অবশ্য অজানা নয়। বিচারের নামে হয়রানি, দীর্ঘসূত্রতা দেশের সাধারণ চিত্র। এ কারণে ভুক্তভোগী অনেকেই আইনের পথে যেতে চান না। এতে অপরাধ নিয়ন্ত্রণ আরো কঠিন হয়ে পড়ে এবং অপরাধীরাও ধরাছোঁয়ার বাইরেই থেকে যায়। এটি ঠিক যে আমাদের দেশে ইন্টারনেট ব্যবহাকারীদের অনেকেই সচেতন নন। পাসওয়ার্ড সংরক্ষণের মতো প্রাথমিক নিরাপত্তার বিষয়গুলো অনেকের অজানা। আবার হয়রানির শিকার হলে কোথায় অভিযোগ জানাতে হবে, সেই তথ্যও অনেকের কাছে নেই। এসব দুর্বলতার সুযোগে সাইবার অপরাধ বেড়েই চলছে।

সারাদেশে কলেজে ১০০ জনের

বলেন, শিক্ষকদের একাগ্রতা ও শিক্ষার মানোন্নয়নে আন্তরিকতার অভাব রয়েছে। পাশাপাশি শিক্ষার্থীদের পড়াশোনায় অবহেলা রয়েছে। তারা ক্লাসে কম যাচ্ছে, বাইরে ঘোরাঘুরি ও মোবাইল ফোন এবং সামাজিক যোগাযোগমাধ্যমে আসক্ত হয়ে পড়ছে। এগুলো ফল খারাপ হওয়ার অন্যতম কারণ। এবারের ফলাফলে সারাদেশের অভিভাবকরা উদ্বিগ্ন ও হতাশ। তবে ফল বিশ্লেষণ কিংবা শিক্ষার্থীদের দুর্বলতা চিহ্নিত করে সংকট কাটানো সম্ভব নয় বলে মনে করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের অধ্যাপক মনিনুর রশিদ। তিনি বলেন, শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষক সংকট রয়েছে। দ্রুত শূন্যপদে শিক্ষক নিয়োগ, বিষয়ভিত্তিক দক্ষ শিক্ষক নিশ্চিত করা এবং নিয়মিত প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। তিনি বলেন, বিশেষ করে মাধ্যমিক স্তরে ইংরেজি, গণিত ও আইসির ভিত্তি শক্তিশালী করা জরুরি। অন্যথায় উচ্চমাধ্যমিকে ভালো ফল প্রত্যাশা করা কঠিন। প্রত্যন্ত অঞ্চলের শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে আইসিটি ল্যাবসহ প্রয়োজনীয় প্রযুক্তিসুবিধাও বাড়াতে হবে। অধ্যাপক মনিনুর রশিদের মতে, শ্রেণিকক্ষে নিয়মিত পাঠদান ও শিক্ষার্থীদের উপস্থিতি নিশ্চিত করার পাশাপাশি ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে শিখন ঘাটতি শনাক্ত করতে হবে। এরপর তা কাটিয়ে উঠতে কার্যকর পদক্ষেপ নিতে হবে। একই সঙ্গে শিক্ষাপ্রতিষ্ঠানের সামগ্রিক পরিবেশ ও পাঠদানের মানোন্নয়নে গুরুত্ব দিতে হবে। গত ৩১ অক্টোবর এইচএসসি ও সমমান পরীক্ষার ফল প্রকাশ করা হয়। এ বছর ৯টি সাধারণ এবং মাদরাসা ও কারিগরি মিলিয়ে মোট ১১টি শিক্ষা বোর্ডে গড় পাসের হার ৫২ দশমিক ১২ শতাংশ। বিগত বছরের চেয়ে এবার পাসের হার কমেছে। গত বছর অর্থাৎ ২০২৫ সালে গড় পাসের হার ছিল ৫৮ দশমিক ৮৩ শতাংশ। সেই হিসাবে এবার পাসের হার কমেছে ৬ দশমিক ৭১ শতাংশ। এদিকে, এবারের চেয়ে কম পাসের হার ছিল ২০০৪ সালে। ওই বছর এইচএসসিতে পাস করেছিলেন ৪৭ দশমিক ৭৪ শতাংশ শিক্ষার্থী। এরপর এইচএসসিতে পাসের হার আর কখনো এর চেয়ে নিচে নামেনি। সেই হিসাবে গত ২১ বছরের মধ্যে এবারই পাসের হার সবচেয়ে কম। এবার জিপিএ-৫ পেয়েছেন ৪০ হাজার ৮৪ জন। গত বছর অর্থাৎ ২০২৫ সালে জিপিএ-৫ পেয়েছিলেন ৬৯ হাজার ৯৭ জন। সেই হিসাবে এবার জিপিএ-৫ প্রাপ্তি কমেছে ২৯ হাজার ১৩ জন। ফল বিশ্লেষণে দেখা যায়, এ বছর মোট পরীক্ষার্থী ছিলেন ১২ লাখ ৪০ হাজার ৭৯৮ জন। তাদের মধ্যে পাস করেছেন ৬ লাখ ৪৬ হাজার ৬৮৫ জন। আর ফেল করেছেন ৫ লাখ ৯৪ হাজার ১১৩ জন।

আদালত থেকে ফেরার পথে নারীর

একজনের কাঁধে ব্যাগ ছিল। তাঁর নাম সম্ভবত মরন এবং তিনি বাটার খাল বাড়ি এলাকার বাসিন্দা বলে ধারণা করা হচ্ছে। তবে তাঁর পরিচয় ও ঠিকানা নিশ্চিত হওয়া যায়নি। এ বিষয়ে কোতোয়ালি মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মনিরুল ইসলাম বলেন, অভিযোগের বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে। অভিযোগের সত্যতা যাচাই করে জড়িতদের শনাক্ত এবং প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। এ ঘটনায় এলাকায় উদ্বেগ সৃষ্টি হয়েছে। ভুক্তভোগী অভিযোগের সুষ্ঠু তদন্ত এবং জড়িতদের শনাক্ত করে আইনের আওতায় আনার দাবি জানিয়েছেন।

সাংবাদিক হত্যার ৮৬ শতাংশ

(২ নভেম্বর) বাংলাদেশে ইউনেসকোর প্রতিনিধি ও ঢাকা কার্যালয়ের প্রধান ড. সুসান ভাইজের পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিবৃতিতে ইউনেসকো বলেছে, এ বছরের দিবসের প্রতিপাদ্য– 'হুমকির ধরন বদলাচ্ছে। বিচারহীনতা রয়ে যাচ্ছে।' সাংবাদিকদের বিরুদ্ধে পরিবর্তনশীল হুমকি এবং অপরাধের ক্ষেত্রে জবাবদিহির ঘাটতির বিষয়টি এতে তুলে ধরা হয়েছে। মতপ্রকাশের স্বাধীনতা ও জনগণের জানার অধিকার নিশ্চিত করতে সাংবাদিকদের নিরাপত্তা অপরিহার্য। বিবৃতিতে বলা হয়, বিচারহীনতা দূর করতে শুধু অপরাধীদের বিচারের আওতায় আনলেই হবে না, কার্যকর প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ, হুমকির ঘটনায় দ্রুত সাড়া দেওয়া এবং সাংবাদিকদের সুরক্ষা নিশ্চিত করাও জরুরি। বাংলাদেশে সাংবাদিকদের নিরাপত্তা জোরদারে জাতিসংঘের নির্বাচনী সহায়তা প্রকল্প 'ব্যালট'-এর আওতায় কাজ করছে ইউনেসকো। প্রকল্পের তথ্য অনুযায়ী, ২০২৬ সালের সেপ্টেম্বর পর্যন্ত দেশব্যাপী প্রায় তিন হাজার সাংবাদিক প্রশিক্ষণ পেয়েছেন। তাদের প্রশিক্ষণে সাংবাদিকদের নিরাপত্তাবিষয়ক পূর্ণদিবসের মডিউল ছিল। প্রশিক্ষণ পাওয়া ব্যক্তিদের মধ্যে প্রায় ২০০ নারী সাংবাদিক ও ২৪ জন ফটোসাংবাদিক রয়েছেন। জাতীয় নির্বাচনের আগে ৬০টি সুরক্ষা ভেস্ট, চার হাজার সাংবাদিক সহায়িকা কার্ড এবং সাত হাজার ৫০০টি নির্বাচনবিষয়ক প্রতিবেদন তৈরির নির্দেশিকাও বিতরণ করেছে সংস্থাটি। এ ছাড়া প্রশিক্ষণ ও সংলাপের মাধ্যমে নির্বাচন কমিশন, পুলিশ ও গণমাধ্যমের মধ্যে সহযোগিতা বাড়ানোর উদ্যোগ নেওয়া হয়েছে।

ফ্যামিলি কার্ডের তথ্যে পক্ষপাতিত্ব

সংগ্রহকারী ও সুপারভাইজারদের প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব নির্দেশনা দেন। বরিশাল জেলা প্রশাসন, উপজেলা প্রশাসন ও জেলা সমাজসেবা কার্যালয়ের যৌথ উদ্যোগে আয়োজিত এ প্রশিক্ষণ কর্মসূচিতে মাঠপর্যায়ে তথ্য সংগ্রহের দায়িত্বে থাকা ৩৬ জন তথ্য সংগ্রহকারীর মধ্যে ট্যাব বিতরণ করা হয়। এসব ট্যাবের মাধ্যমে উপকারভোগী পরিবারের আর্থসামাজিক তথ্য ডিজিটাল পদ্ধতিতে সংগ্রহ, সংরক্ষণ ও যাচাই-বাছাই করা হবে। উদ্বোধনী বক্তব্যে বিভাগীয় কমিশনার খলিল আহমেদ বলেন, ফ্যামিলি কার্ড একটি গুরুত্বপূর্ণ জনকল্যাণমূলক উদ্যোগ। এর প্রকৃত সুফল নিশ্চিত করতে হলে উপযুক্ত পরিবার নির্বাচনই হবে সবচেয়ে গুরুত্বপূর্ণ কাজ। এ ক্ষেত্রে প্রতিটি পরিবারের বাস্তব আর্থসামাজিক অবস্থা বিবেচনায় নিয়ে সঠিক ও বস্তুনিষ্ঠ তথ্য সংগ্রহ করতে হবে। তিনি আরও বলেন, মাঠপর্যায়ের তথ্য সংগ্রহকারীদের কাজের ওপরই নির্ভর করবে উপকারভোগী নির্বাচনসহ পরবর্তী কার্যক্রমের নির্ভুলতা। তাই দায়িত্ব পালনে সততা, নিরপেক্ষতা ও পেশাদারত্ব বজায় রাখতে হবে। কোনো ব্যক্তি বা মহলের প্রভাবে পড়ে তালিকা তৈরি করা যাবে না। সরকারি নির্দেশনা ও নির্ধারিত নীতিমালা অনুসরণের পাশাপাশি সংগৃহীত তথ্যের গোপনীয়তা রক্ষা এবং প্রযুক্তির যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে। অনুষ্ঠানে বরিশাল সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) ফরিদা সুলতানা বলেন, ফ্যামিলি কার্ড কর্মসূচির সফলতা অনেকটাই নির্ভর করছে মাঠপর্যায়ে তথ্য সংগ্রহের মানের ওপর। একটি ভুল তথ্যের কারণে প্রকৃত উপকারভোগী তালিকা থেকে বাদ পড়তে পারেন, আবার অযোগ্য কেউ সুবিধা পাওয়ার সুযোগ পেতে পারেন। এ কারণে তথ্য সংগ্রহের ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে। তিনি বলেন, প্রতিটি পরিবারের আর্থসামাজিক অবস্থা সরেজমিনে যাচাই করতে হবে। অনুমান, ব্যক্তিগত পরিচয় কিংবা তাড়াহুড়ার ভিত্তিতে কোনো তথ্য অন্তর্ভুক্ত করা যাবে না। সরকারি নির্দেশনা অনুযায়ী নির্ধারিত পদ্ধতিতে তথ্য সংগ্রহ এবং প্রতিটি পর্যায়ে স্বচ্ছতা ও জবাবদিহি বজায় রাখতে হবে। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক মো. ইকবাল কবির, সহকারী পরিচালক জাবির আহমেদসহ জেলা ও উপজেলা প্রশাসন এবং সমাজসেবা অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তারা।

১০টা পর্যন্ত দোকানপাট

বন্ধ রাখার বাধ্যবাধকতার কারণে ব্যবসায়ীদের বিক্রির পরিমাণ উল্লেখযোগ্যভাবে কমে যাচ্ছে। এতে বিশেষ করে ক্ষুদ্র ও মাঝারি ব্যবসায়ীরা আর্থিক সংকটে পড়ছেন। অনেক ব্যবসায়ী প্রতিষ্ঠান বন্ধ করে দেওয়ার ঝুঁকিতেও রয়েছেন। সংগঠনটির পক্ষ থেকে বলা হয়, শুধু ব্যবসায়ীরাই ক্ষতিগ্রস্ত হচ্ছেন না, এর প্রভাব পড়ছে বিপুলসংখ্যক কর্মচারীর জীবন-জীবিকার ওপরও। দেশের প্রায় ৭০ লাখ দোকান ব্যবসায়ী মালিক এবং তাদের সঙ্গে সংশ্লিষ্ট প্রায় ২ কোটি ৫০ লাখ কর্মচারীর জীবিকা এ খাতের ওপর নির্ভরশীল। বিজ্ঞপ্তিতে বলা হয়, গত ১ নভেম্বর ২০২৬ বাংলাদেশ দোকান ব্যবসায়ী মালিক সমিতির স্ট্যান্ডিং কমিটির এক জরুরি ভার্চুয়াল সভা অনুষ্ঠিত হয়। সভায় দেশের ব্যবসায়ী ও কর্মচারীদের জীবন-জীবিকার বিষয়টি বিবেচনায় নিয়ে রাত ৮টার পরিবর্তে রাত ১০টা পর্যন্ত দোকানপাট, মার্কেট ও বিপণিবিতান খোলা রাখার অনুমতি চেয়ে সরকারের কাছে আবেদন জানানোর সিদ্ধান্ত নেওয়া হয়। সংগঠনটির নেতারা মনে করেন, রাত ১০টা পর্যন্ত দোকানপাট খোলা রাখার অনুমতি দেওয়া হলে ব্যবসা-বাণিজ্যের স্বাভাবিক গতি ফিরবে, ক্ষুদ্র ও মাঝারি ব্যবসায়ীদের আর্থিক ক্ষতি কমবে এবং কর্মসংস্থান রক্ষায় ইতিবাচক ভূমিকা রাখবে। এ অবস্থায় দেশের ব্যবসা-বাণিজ্যের পরিবেশ স্বাভাবিক রাখা এবং লাখ লাখ ব্যবসায়ী ও কোটি মানুষের জীবন-জীবিকার বিষয়টি বিবেচনায় নিয়ে দ্রুত প্রয়োজনীয় সরকারি নির্দেশনা জারির জন্য সংশ্লিষ্ট মন্ত্রীর হস্তক্ষেপ কামনা করেছে বাংলাদেশ দোকান ব্যবসায়ী মালিক সমিতি।

চরকাউয়া থেকে ৬ রুটে বাস

পড়েছেন যাত্রীরা। অনেকে মোটরসাইকেল ও রিকশায় করে গন্তব্যে যাচ্ছেন। যাত্রীদের অভিযোগ, বাস বন্ধ থাকায় বিকল্প যানবাহনে যাতায়াত করতে তাঁদের বাড়তি ভাড়া গুনতে হচ্ছে। চরকাউয়ার বাসিন্দা শাওন খান জানান, বরিশাল থেকে তাঁর নেহালগঞ্জ যাওয়ার কথা। কিন্তু বাস বন্ধ থাকায় বিকল্প পথে যেতে বাড়তি ভাড়া চাওয়া হচ্ছে। কয়েক দিন পরপর এভাবে বাস চলাচল বন্ধ হওয়ায় তাঁদের চরম ভোগান্তিতে পড়তে হচ্ছে। আরেক যাত্রী আসমা আক্তার জানান, চরকাউয়া বাস টার্মিনালে এসে তিনি বাস চলাচল বন্ধ দেখতে পান। এখন বিকল্প পথে হলতা যেতে তাঁকে বাড়তি ভাড়া দিতে হবে। জানা গেছে, রোববার চরকাউয়া বাস টার্মিনালের বাস, থ্রিহুইলার ও ব্যাটারিচালিত অটোরিকশার মালিকদের মধ্যে বিরোধ হয়। এ সময় সড়কে থ্রিহুইলার চলাচল বন্ধের দাবি জানান বাস মালিক ও শ্রমিকেরা। তাঁদের দাবি, থ্রিহুইলারের কারণে বাস দুর্ঘটনার ঝুঁকি বাড়ছে। পাশাপাশি বাসের সঙ্গে পাল্লা দিয়ে অটোরিকশা চলাচল করায় সড়কে প্রায়ই দুর্ঘটনার আশঙ্কা তৈরি হচ্ছে। এ কারণে দ্রুত সড়ক থেকে থ্রিহুইলার সরিয়ে নেওয়ার দাবি জানান তাঁরা। চরকাউয়া বাস মালিক সমিতির সভাপতি মামুন খন্দকার বলেন, 'সকাল থেকে তাঁরা বাস চালানোর চেষ্টা করলেও থ্রিহুইলার ও অটোরিকশাচালকেরা বাধা দিচ্ছেন। এ সমস্যা সমাধানে প্রশাসনের হস্তক্ষেপ প্রয়োজন।' এ বিষয়ে জানতে বরিশাল বন্দর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ইসমাইল হোসেনকে ফোন করা হলেও তিনি ধরেননি।

এইচএসসিতে এক-দুই বিষয়ে

উপলক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন জানান, এইচএসসি ও সমমান পরীক্ষায় এক বা দুই বিষয়ে অকৃতকার্য শিক্ষার্থীদের পুনঃপরীক্ষা এক মাসের মধ্যে নেওয়া হবে। বর্তমানে এসএসসি ও এইচএসসির মতো পাবলিক পরীক্ষায় কোনো পরীক্ষার্থী এক বা একাধিক বিষয়ে অকৃতকার্য হলে তাকে পরের বছর আবার পরীক্ষায় অংশ নিতে হয়। সে ক্ষেত্রে শুধু অকৃতকার্য বিষয়গুলোতে অথবা চাইলে সব বিষয়ে পরীক্ষা দেওয়ার সুযোগ থাকে। ফলাফল বিশ্লেষণে দেখা গেছে, এবার এক বিষয়ে অকৃতকার্য হয়েছে ২ লাখ ৯৮ হাজার ৪০ জন শিক্ষার্থী। আর দুই বিষয়ে অকৃতকার্য হয়েছে ১ লাখ ২৪ হাজার ৮৬৫ জন। সব মিলিয়ে এক বা দুই বিষয়ে অকৃতকার্য শিক্ষার্থীর সংখ্যা ৪ লাখ ২২ হাজার ৯০৫। এ ছাড়া সব মিলিয়ে মোট অকৃতকার্য শিক্ষার্থীর সংখ্যা ৫ লাখ ৯৪ হাজার ১১৩। যেসব শিক্ষার্থী এক বা দুই বিষয়ে পুনঃপরীক্ষায় অংশ নেবে, তাদের সনদে কী উল্লেখ থাকবে–এমন প্রশ্নের জবাবে ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান বলেন, এসব পরীক্ষার্থীর ফলাফল নতুন করে প্রকাশ করা হবে। আগের পরীক্ষায় যেসব বিষয়ে তারা উত্তীর্ণ হয়েছে, সেসব বিষয়ের ফল বহাল থাকবে। শুধু নতুন পরীক্ষায় অর্জিত ফল আগের ফলের সঙ্গে যুক্ত হবে। এক বা দুই বিষয়ে পরীক্ষা নেওয়ার কর্মপরিকল্পনা কবে নাগাদ আনুষ্ঠানিকভাবে প্রকাশ করা হবে–এমন প্রশ্নে চেয়ারম্যান জানান, ৪ নভেম্বর কর্মপরিকল্পনাটি প্রকাশের কথা রয়েছে। এদিকে, এইচএসসি পরীক্ষার ফল পুনর্নিরীক্ষণের আবেদন গ্রহণ চলবে ৭ নভেম্বর পর্যন্ত। ২৭ নভেম্বর পুনর্নিরীক্ষণের ফল প্রকাশের তারিখ নির্ধারণ করা হয়েছে।

ধর্মকে রাজনৈতিক স্বার্থে

অধিকার নিশ্চিত করতে রাষ্ট্র, প্রশাসন, রাজনৈতিক নেতৃবৃন্দ, নাগরিক সমাজ ও ধর্মীয় নেতাদের সম্মিলিতভাবে কাজ করতে হবে। সামাজিক যোগাযোগ মাধ্যমের নেতিবাচক দিক তুলে ধরে তিনি আরও বলেন, সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়ানো বিভিন্ন গুজব, অপপ্রচার ও ধর্মীয় উসকানি প্রতিরোধে সবাইকে সচেতন হতে হবে। বরিশাল জেলার ফোর্ব ফোরামের সভাপতি অধ্যাপক গাজী জাহিদ হোসেনের সভাপতিত্বে বরিশাল সিটি কর্পোরেশনের প্রশাসক অ্যাডভোকেট বিলকিস আক্তার জাহান শিরীন, বিভাগীয় কমিশনার খলিল আহমেদ, চার্চ অব ইংল্যান্ডের ফোর্ব এজেন্ট অব চেঞ্জ প্রজেক্ট এবং পলিসি অ্যাডভাইজারের পরিচালক (অপারেশন্স) চার্লস রীড, বরিশাল প্রেসক্লাবের সভাপতি অধ্যক্ষ আমিনুল ইসলাম খসরু এবং বরিশাল চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির সভাপতি ও বীর মুক্তিযোদ্ধা এবায়েদুল হক চাঁন উপস্থিত ছিলেন।

এবার ২২৩ টাকা বাড়লো

নির্ধারণের ক্ষেত্রে আন্তর্জাতিক বাজারে প্রোপেন ও বিউটেনের দাম, আমদানি ব্যয়, ডলারের বিনিময় হার এবং পরিবহনসহ সংশ্লিষ্ট খরচ বিবেচনায় নেওয়া হয়। বিইআরসি প্রতি মাসে এসব বিষয় পর্যালোচনা করে ভোক্তাপর্যায়ে এলপিজির দাম সমন্বয় করে। তবে কমিশনের নির্ধারিত দামের সঙ্গে বাজারে বিক্রি হওয়া সিলিন্ডারের দামের পার্থক্য নিয়ে দীর্ঘদিন ধরে ভোক্তাদের অভিযোগ রয়েছে। অনেক ক্ষেত্রে নির্ধারিত দামের চেয়ে বেশি দামে সিলিন্ডার বিক্রির অভিযোগ ওঠে। নতুন দাম কার্যকর হওয়ার পর বাজারে এলপিজি বিক্রি কমিশনের নির্ধারিত মূল্যে হচ্ছে কি না, তা নিয়ে ভোক্তাদের মধ্যে উদ্বেগ রয়েছে। এ অবস্থায় নতুন করে দাম বাড়ায় রান্নার জ্বালানি বাবদ পরিবারের মাসিক ব্যয় আরও বাড়বে বলে আশঙ্কা করছেন সংশ্লিষ্টরা।

ভারত পানি না দিলে ভারতীয়

ভারতের সম্পর্কের ক্ষেত্রে পানির ন্যায্য হিস্যা নিশ্চিত করতে হবে। অন্যথায় ভারতীয় পণ্যের প্রবেশ, করিডর ও ট্রানজিট বন্ধ করতে হবে। একই সঙ্গে ভারতের সঙ্গে সমঝোতা করেই বিএনপি ক্ষমতায় এসেছে বলে অভিযোগ করেছেন তিনি। জাতীয় যুব দিবস উপলক্ষে রাজধানীর খামারবাড়িতে কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশে (কেআইবি) জাতীয় যুবশক্তি আয়োজিত যুব সম্মেলনে এসব কথা বলেন নাহিদ। নাহিদ ইসলাম বলেন, যদি নদীতে পানি না আসে, তাহলে ভারতীয় পণ্যও বাংলাদেশে আসবে না। যদি পানি না আসে, তাহলে কোনো করিডর হবে না, ট্রানজিট হবে না। যদি বাংলাদেশের নদীতে পানি না আসে, তবে কোনো ভারতীয় চ্যানেল এ দেশে চলবে না। এ সময় মাতারবাড়ী গভীর সমুদ্রবন্দর নিয়ে জাপানের সঙ্গে সরকারের আলোচনা ও চুক্তির বিষয়টি জনগণের সামনে স্পষ্ট করার আহ্বান জানান তিনি। সংস্কারের বিষয়ে নাহিদ ইসলাম বলেন, জনগণ গণ-অভ্যুত্থান ও গণভোটের মাধ্যমে দুই দফায় পরিবর্তনের পক্ষে নিজেদের অবস্থান জানিয়েছে। সরকারের গঠিত নতুন কমিটিতে বিরোধী দলকে আলোচনার জন্য ডাকা হচ্ছে। সালাহউদ্দিন আহমদের কোনো কমিটিতে বিরোধী দল যাবে না। সেখানে কোনো মতামত দেবে না। এখন বাস্তবায়নের সময়। অবিলম্বে সংবিধান সংস্কার পরিষদ গঠন করে গণভোটের গণরায় অনুযায়ী সংবিধানকে সংস্কার করতে হবে। সংস্কার প্রশ্নে সরকারের টালবাহানার পরিণতি সরকারকে ভোগ করতে হবে–এমন হুঁশিয়ারি উচ্চারণ করে নাহিদ ইসলাম বলেন, অতীতে ১৯৯৬ ও ২০০৬ সালে তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা নিয়ে যে সংকট তৈরি হয়েছিল, সরকার আবারও একই ধরনের চেষ্টা করছে। আগামী নির্বাচনে নিজেদের পছন্দের লোক বসানোর পরিকল্পনা করা হচ্ছে। জুলাই গণ-অভ্যুত্থানের চেতনা বাস্তবায়নে তরুণদের ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানিয়ে নাহিদ বলেন, বিএনপি সরকার ক্ষমতায় আসার পর আট মাসে তরুণদের কর্মসংস্থান, শ্রমিকদের ন্যায্য মজুরি ও রাষ্ট্রীয় সংস্কারের ক্ষেত্রে প্রত্যাশিত অগ্রগতি হয়নি। পোশাকশ্রমিকদের মজুরি বৃদ্ধির আন্দোলনের প্রতি সমর্থন জানিয়ে নাহিদ ইসলাম বলেন, শ্রমিকদের ন্যায্য মজুরি নিশ্চিত করতে হবে। তাঁদের সঙ্গে আলোচনার মাধ্যমে যৌক্তিক সমাধানে আসার আহ্বান জানান তিনি। একই সঙ্গে আন্দোলন দমনে পুলিশ ব্যবহার না করার দাবি জানান তিনি।

পোশাকশিল্পে অস্থিরতা, সরকারকে

ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। সোমবার (২ নভেম্বর) নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে তিনি এমন মন্তব্য করেন। ওই পোস্টে জামায়াত আমির লেখেন, পোশাকশিল্পে অস্থিরতা অব্যাহত রয়েছে। বিভিন্ন স্থানে ভাঙচুর এবং শিল্পপ্রতিষ্ঠানে অগ্নিসংযোগের মতো উদ্বেগজনক ঘটনা ঘটছে। কোনো মালিক কিংবা শ্রমিকই শিল্পপ্রতিষ্ঠান ধ্বংস করে নিজেদের অধিকার প্রতিষ্ঠা করতে পারবেন না। আমরা বিশ্বাস করি, কোনো শ্রমিকই এ ধরনের কাজে জড়িত হবেন না। তিনি আরও লেখেন, ষড়যন্ত্রকারী ও ধান্দাবাজরা পরিস্থিতি উসকে দিয়ে পোশাকশিল্পকে ধ্বংস করার পাঁয়তারা করছে বলে মনে হয়। এ ব্যাপারে সরকারকে কঠোর অবস্থান নিতে হবে। এরইমধ্যে প্রায় ৬০০টি কারখানা বন্ধ ঘোষণা করা হয়েছে উল্লেখ করে শেষে তিনি লেখেন, শীত মৌসুমকে সামনে রেখে পোশাকশিল্পে যে সম্ভাবনা তৈরি হয়, তা ধ্বংস করার জন্য গভীর কোনো ষড়যন্ত্রের আশঙ্কা উড়িয়ে দেওয়া যায় না। এক্ষেত্রে মালিক-শ্রমিকসহ সব পক্ষকে আন্তরিক ও সতর্ক থাকার আহ্বান জানাচ্ছি।

বিরোধী দলের জন্য এখনও

দীর্ঘ সময় পর বাংলাদেশে সংসদীয় গণতান্ত্রিক চর্চা ফিরে এসেছে উল্লেখ করে তিনি বলেন, বিরোধীদের আন্দোলনের পথ পরিহার করে সংসদে এসে কথা বলা উচিত। সোমবার (২ নভেম্বর) জাতীয় সংসদ ভবনে নিজের কার্যালয়ে ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) রাষ্ট্রদূত মাইকেল মিলারের সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে তিনি এই কথা বলেন। চিফ হুইপ বলেন, দীর্ঘ সময় পর বাংলাদেশে সংসদীয় গণতান্ত্রিক চর্চা পুনরায় ফিরে এসেছে। জুলাই জাতীয় সনদ বাস্তবায়নে বর্তমান সরকার পুরোপুরি অঙ্গীকারবদ্ধ। এ লক্ষ্য অর্জনে ইতোমধ্যে বিভিন্ন রাজনৈতিক দল, সংবিধান বিশেষজ্ঞ, শিক্ষক, সাংবাদিক, জুলাইযোদ্ধা এবং সমাজের সর্বস্তরের শ্রেণি-পেশার প্রতিনিধিদের সঙ্গে ধারাবাহিক বৈঠক সম্পন্ন করা হয়েছে। বিরোধী দলকেও সংশ্লিষ্ট কমিটিতে অংশগ্রহণের জন্য বারবার আহ্বান জানানো হয়েছে উল্লেখ করে তিনি বলেন, তাদের জন্য আলোচনার দ্বার এখনও উন্মুক্ত রয়েছে। চিফ হুইপ আরও বলেন, বিরোধী দল রাজপথে আন্দোলনের পথ পরিহার করে সংসদে এসে তাদের গঠনমূলক বক্তব্য ও মতামত তুলে ধরতে পারে। কারণ গণতান্ত্রিক কার্যব্যবস্থার মূল কেন্দ্রবিন্দু হলো জাতীয় সংসদ। যেকোনো রাজনৈতিক মতপার্থক্য কেবল সংসদীয় আলোচনার মাধ্যমেই নিরসন করা সম্ভব এবং এর মাধ্যমেই দেশের গণতান্ত্রিক প্রক্রিয়াকে আরও শক্তিশালী ও সুদৃঢ় করা যায়। দ্বিপক্ষীয় বৈঠকে সংসদ সদস্যদের মধ্যে অভিজ্ঞতা বিনিময় এবং সংসদীয় কার্যক্রমকে আরও গতিশীল ও সমৃদ্ধ করতে 'বাংলাদেশ-ইইউ সংসদীয় ফ্রেন্ডশিপ গ্রুপ' গঠনের গুরুত্ব তুলে ধরা হয়। একই সাথে সংসদীয় বাজেট ব্যবস্থাপনা আধুনিকায়ন এবং দেশের বিভিন্ন গণতান্ত্রিক প্রতিষ্ঠানগুলোর প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে পারস্পরিক সহযোগিতার বিষয়ে ইতিবাচক আলোচনা হয়। এছাড়া আলোচনায় বাংলাদেশে ইউরোপীয় বিভিন্ন দেশের বিনিয়োগ বৃদ্ধি, দ্বিপক্ষীয় বাণিজ্য সম্প্রসারণ এবং আন্তর্জাতিক বিনিয়োগ ফোরাম আয়োজনের বিষয়টি বিশেষভাবে স্থান পায়। এ সময় শ্রম আইন সংশোধন, শ্রমিকদের সার্বিক অধিকার সুরক্ষা, ট্রেড ইউনিয়নের কার্যকর ভূমিকা নিশ্চিত করা এবং শিল্প খাতে টেকসই স্থিতিশীলতা বজায় রাখার বিষয়ে বাংলাদেশ সরকারের দৃঢ় অবস্থান তুলে ধরেন চিফ হুইপ। বৈঠকে দেশে গণতান্ত্রিক ধারাবাহিকতা, প্রশাসনিক স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার মাধ্যমে জনগণের আস্থা সুদৃঢ় করা এবং অর্থনৈতিক উন্নয়ন ও অবকাঠামোগত অগ্রগতি অব্যাহত রাখার বিষয়েও উভয় পক্ষ আলোচনা করেন। অন্যদিকে ইইউ রাষ্ট্রদূত মাইকেল মিলার দীর্ঘ সময় পর বাংলাদেশে গণতান্ত্রিক ব্যবস্থার সফল প্রত্যাবর্তনের প্রেক্ষাপটে জাতীয় সংসদের কার্যকর ভূমিকার ভূয়সী প্রশংসা করেন। সাক্ষাৎ শেষে উভয় পক্ষই বাংলাদেশ ও ইউরোপীয় ইউনিয়নের মধ্যকার দীর্ঘদিনের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক, পারস্পরিক গণতান্ত্রিক মূল্যবোধ এবং কৌশলগত স্বার্থসংশ্লিষ্ট নানা ক্ষেত্রে সহযোগিতা ভবিষ্যতে আরও বহুগুণে জোরদার হবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

পোশাক শ্রমিকদের মজুরি

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। একই সঙ্গে শ্রমিকদের কাজে ফিরে যাওয়া এবং সড়ক-মহাসড়কে অস্থিরতা সৃষ্টি না করার আহ্বানও জানিয়েছেন তিনি। সোমবার (২ নভেম্বর) বিকেলে শ্রমিক ও মালিকপক্ষের প্রতিনিধিদের সঙ্গে পৃথক বৈঠক শেষে তিনি সাংবাদিকদের এ কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, শ্রমিকদের দাবির পরিপ্রেক্ষিতে মজুরি বোর্ড গঠন করা হয়েছে। রোববার সকালে বোর্ড গঠন করা হয়েছে। আজই বোর্ডের প্রথম বৈঠক হতে পারতো, না হলেও খুব শিগগির বৈঠক হবে বলে আশা করা হচ্ছে। তিনি বলেন, শ্রমিকদের দাবি ছিল দ্রুত মজুরি বোর্ড গঠন করে তাদের ন্যূনতম মজুরি নির্ধারণ করা। এজন্য শ্রমমন্ত্রী মালিকপক্ষের সঙ্গে আলোচনা করে তাদের প্রতিনিধির নাম চেয়েছিলেন। মালিকপক্ষ নাম দিলেও বিভিন্ন শ্রমিক সংগঠনের সঙ্গে আলোচনা করে শ্রমিকপক্ষের প্রতিনিধি চূড়ান্ত করতে কিছুটা সময় লেগেছে। পরশু (শনিবার) রাতে তাদের প্রতিনিধির নাম চূড়ান্ত হওয়ার পর রোববারই মজুরি বোর্ড গঠন করা হয়েছে। এতে কোনো সময়ক্ষেপণ করা হয়নি। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী নির্দেশনা দিয়েছেন, শ্রমজীবী মানুষের জীবনযাত্রার মান উন্নয়নের বিষয়টি বিবেচনায় রেখে মজুরি বোর্ডের সিদ্ধান্ত নিতে হবে। একই সঙ্গে মালিকপক্ষের বক্তব্য ও শিল্পের স্বার্থ বিবেচনায় রাখতে হবে, যেন উৎপাদন ও রপ্তানি ব্যাহত না হয়। তবে শ্রমিকদের স্বার্থ যেন বেশি সংরক্ষিত হয়, সে চেষ্টা সরকার করবে। তিনি আরও বলেন, প্রধানমন্ত্রী শিল্পবান্ধব ও শ্রমিকবান্ধব নীতি গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রীদের নির্দেশ দিয়েছেন। শ্রমিকদের আন্দোলনের বিষয়ে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, শ্রমিকদের দাবি-দাওয়া থাকতে পারে এবং তারা আন্দোলনও করতে পারেন। তবে প্রাথমিকভাবে স্মারকলিপি দেওয়ার মাধ্যমে সংশ্লিষ্ট অধিদপ্তর ও মন্ত্রণালয়ে দাবি জানাতে হবে। এরপর সংশ্লিষ্ট পক্ষগুলোর সঙ্গে আলোচনা করতে হবে। মজুরি বোর্ডসহ বিভিন্ন প্রাতিষ্ঠানিক কাঠামো শ্রমিকদের দাবি তুলে ধরার সুযোগ তৈরি করে দিয়েছে।

জনপ্রিয়তা তলানিতে, তাই সিটি নির্বাচন দিচ্ছে না সরকার: ইসলামী আন্দোলন

কীর্তনখোলা ডেস্ক

জনগণ সিটি করপোরেশন নির্বাচনে অপ্রত্যাশিত ফল উপহার দেবে-এমন আশঙ্কা থেকেই সরকার নির্বাচন দিচ্ছে না বলে মন্তব্য করেছেন ইসলামী আন্দোলন বাংলাদেশের কেন্দ্রীয় মিডিয়া সেলের প্রধান সমন্বয়ক ও ঢাকা মহানগর দক্ষিণের সেক্রেটারি কে এম শরীয়াতুল্লাহ। তিনি বলেন, সরকার গঠনের পর থেকে বিভিন্ন বিতর্কিত কর্মকাণ্ডের কারণে সরকারের জনপ্রিয়তা তলানিতে এসে ঠেকেছে। সিটি করপোরেশনগুলোতে সরকারি দলের সংসদ সদস্যরা জনগণের প্রত্যাশা পূরণে ব্যর্থ হয়েছেন। অন্যদিকে, এসব সিটি করপোরেশনে প্রশাসক হিসেবে যাদের দায়িত্ব দেওয়া হয়েছে, তাদের কর্মকাণ্ডেও নগরবাসী হতাশ। সোমবার (২ নভেম্বর) আইএবি মিলনায়তনে ইসলামী আন্দোলন বাংলাদেশের ঢাকা মহানগর দক্ষিণের ২৬ নম্বর ওয়ার্ডের নেতাদের সঙ্গে আয়োজিত এক যৌথ সভায় এসব কথা বলেন তিনি। ইসলামী আন্দোলন বাংলাদেশের ঢাকা মহানগর দক্ষিণের প্রচার সম্পাদক প্রভাষক শফিকুল ইসলাম এ তথ্য জানান। কে এম শরীয়াতুল্লাহ বলেন, নির্বাচনের কথা মুখে বলা হলেও বাস্তবে এ বিষয়ে কার্যকর কোনো পদক্ষেপ দেখা যাচ্ছে না। জনগণ নির্বাচনে অপ্রত্যাশিত ফল উপহার দেবে– এমন আশঙ্কা থেকেই সরকার সিটি করপোরেশন নির্বাচন দিচ্ছে না। সভায় সভাপতির বক্তব্যে ঢাকা মহানগর দক্ষিণের সহ-সভাপতি আবদুল আউয়াল মজুমদার বলেন, ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের বাসিন্দারা নাগরিক সুবিধা থেকে বঞ্চিত হচ্ছেন। নাগরিক সুবিধা পাওয়ার আশায় মানুষ কর দিলেও সেই অর্থে কিছু মানুষ আঙুল ফুলে কলাগাছ হচ্ছেন। তিনি দ্রুত সিটি করপোরেশন নির্বাচনের তারিখ ঘোষণার দাবি জানিয়ে বলেন, অন্যথায় জনগণকে সঙ্গে নিয়ে অধিকার আদায়ে মাঠে নামতে বাধ্য হবেন। সভায় আরও বক্তব্য দেন ঢাকা মহানগর দক্ষিণের জয়েন্ট সেক্রেটারি ফজলুল হক মৃধা, সহকারী সেক্রেটারি মুফতি আবদুল আহাদ, সাংগঠনিক সম্পাদক মাওলানা নজরুল ইসলাম, নাজির আহমাদ শিবলী, বেলাল হোসেন আরিফ, ত্রাণ ও কল্যাণ সম্পাদক আবদুর রাজ্জাক আকন, মাসউদুর রহমান চাঁদপুরী, আরিয়ান মো. ইমনসহ ২৬ নম্বর ওয়ার্ডের নেতারা।

বিশেষভাবে ছাত্রলীগের

এখনও শেখ হাসিনা তার অপকর্মের মাঠ গুছিয়ে রাখছেন। নিষিদ্ধ ছাত্রলীগকে ব্যবহার করে দেশের মধ্যে মারাত্মক অস্থিরতা তৈরি করছে সে।

অপরদিকে, জামাত-শিবির, এনসিপি-বিএনপি-ছাত্রদল সবাই যার যার স্বার্থ নিয়ে ব্যস্ত। বৃহত্তর স্বার্থে দেশে স্থিতিশীলতা বজায় রাখতে কেউই পারস্পরিক শ্রদ্ধা ও সহমর্মিতা বজায় রাখছে না। এ যেন যুদ্ধে জেতার আগেই গনিমতের মাল নিয়ে ব্যস্ত হয়ে যাওয়া। বিশেষ করে বিএনপির নেতাকর্মীরা অত্যন্ত দায়িত্বহীনতার পরিচয় দিচ্ছেন। তাদের উচিত নিজ নিজ এলাকার নিষিদ্ধ ছাত্রলীগের তালিকা করে তাদের প্রতি নজর রাখা ও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনিকে তাদের কর্মকাণ্ড সম্পর্কে জানানো। ঢাকায় শ্রমিক আন্দোলনের নামে নিষিদ্ধ ছাত্রলীগ তাদের নাশকতার ছক কষেছিলো। এমন আরো কঠোর অপকর্মের দিকে যেতে পারে এই সন্ত্রাসী দলটি। সুতরাং এখনই বিশেষভাবে নিষিদ্ধ ছাত্রলীগের ওপর নজরদারি বাড়ানো অত্যন্ত জরুরি।

নাদিয়া মেহেজাবিন
শিক্ষার্থী, ঢাকা

আগামী কয়েক দিনে কমতে

সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘন্টায় অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারা দেশের আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে এবং সারাদেশে রাত এবং দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। আগামী ৬ নভেম্বর সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘন্টায় অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে এবং সারা দেশে রাত এবং দিনের তাপমাত্রা সামান্য কমতে পারে। এছাড়া আগামী পাঁচদিন পর দেশে দিন ও রাতের তাপমাত্রা আরো কমতে পারে বলে জানিয়েছে সংস্থাটি।

গ্রীষ্মে সৌরবিদ্যুৎ থেকে ৩-৪ হাজার

সংশোধনের সুযোগ রয়েছে। বিশ্ববিদ্যালয়গুলোতে সৌরবিদ্যুৎ স্থাপনের সিদ্ধান্ত চাপিয়ে দেওয়া হবে না উল্লেখ করে তিনি বলেন, প্রতিটি বিশ্ববিদ্যালয়ের প্রয়োজন, সক্ষমতা ও বাস্তবতা বিবেচনায় নিয়ে এ বিষয়ে সিদ্ধান্ত নিতে হবে। সরকার ও ইউজিসি এ উদ্যোগ বাস্তবায়নে প্রয়োজনীয় সহযোগিতা দেবে। সৌরবিদ্যুৎ ব্যবহারের মাধ্যমে কার্বন নিঃসরণ কমিয়ে বিশ্ববিদ্যালয়গুলোর কার্বন ক্রেডিট অর্জনের সম্ভাবনার কথাও তুলে ধরেন প্রতিমন্ত্রী। তিনি বলেন, কার্বন নিঃসরণ হ্রাসের বিপরীতে বিশ্ববিদ্যালয়গুলোকে কার্বন ক্রেডিট অর্জনে সহযোগিতা করবে বিদ্যুৎ বিভাগ। এক টন কার্বন ডাই-অক্সাইড বা সমপরিমাণ গ্রিনহাউস গ্যাসের নিঃসরণ কমানোর বিপরীতে একটি কার্বন ক্রেডিট অর্জন করা যায়। নির্ধারিত যাচাই ও স্বীকৃতি প্রক্রিয়া সম্পন্ন করে এ ক্রেডিট বিক্রিরও সুযোগ রয়েছে। দেশে সৌরবিদ্যুতের ব্যবহার বাড়াতে আগামী ৩ ও ৪ নভেম্বর ঢাকায় 'বাংলাদেশ সোলার এক্সপো' আয়োজনের কথা জানান প্রতিমন্ত্রী। এ ছাড়া বিশ্ববিদ্যালয়গুলোতে সৌরবিদ্যুৎ স্থাপনের বিষয়ে উপাচার্যদের অংশগ্রহণে বিশেষজ্ঞ সভা আয়োজনের পরিকল্পনার কথা জানিয়ে তিনি সব বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে এতে অংশ নেওয়ার আহ্বান জানান। সভায় সভাপতির বক্তব্যে ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক ড. মামুন আহমেদ বলেন, বিশ্ববিদ্যালয়গুলোতে সৌরবিদ্যুৎ স্থাপন নিয়ে বিদ্যমান বিভ্রান্তি দূর করা এবং সংশ্লিষ্টদের মতামত গ্রহণের উদ্দেশ্যেই এ সভার আয়োজন করা হয়েছে। এ বিষয়ে ইউজিসি ইতোমধ্যে একটি জরিপ পরিচালনা করেছে। পাশাপাশি উদ্যোগটি বাস্তবায়নের সম্ভাব্যতা যাচাইয়ে একটি দল গঠন করা হয়েছে। দলটি ইউজিসির নিজস্ব ভবনসহ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভবনে সৌরবিদ্যুৎ স্থাপনের সম্ভাবনা নিয়ে কাজ করবে। তিনি বলেন, বিশ্ববিদ্যালয়গুলোকে প্রয়োজনীয় কারিগরি সহায়তা দেওয়া হবে। তবে কোনও সিদ্ধান্ত চাপিয়ে দেওয়া হবে না। বিশ্ববিদ্যালয়গুলোর পরিচালন ব্যয় কমাতে পরিচালন ব্যয়ভিত্তিক বা ওপেক্স (ঙচঊঢ) মডেলে সৌরবিদ্যুৎ স্থাপনের ওপর গুরুত্বারোপ করেন ইউজিসি চেয়ারম্যান। তিনি বলেন, বিশ্ববিদ্যালয়গুলোর পরিচালন ব্যয়ের একটি উল্লেখযোগ্য অংশ বিদ্যুৎ ও গ্যাস বিল পরিশোধে ব্যয় হয়। সৌরবিদ্যুতের ব্যবহার বাড়ানো গেলে এ ব্যয় অনেকাংশে কমিয়ে আনা সম্ভব। যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (যবিপ্রবি) ওপেক্স মডেলে সৌরবিদ্যুৎ স্থাপনের উদ্যোগের কথা উল্লেখ করে অধ্যাপক মামুন আহমেদ বলেন, বিশ্ববিদ্যালয়টিতে ত্রিপক্ষীয় চুক্তির মাধ্যমে সৌরবিদ্যুৎ ব্যবস্থা স্থাপন ও পরিচালনার উদ্যোগ নেওয়া হয়েছে। অন্য বিশ্ববিদ্যালয়গুলোতেও একই ধরনের উদ্যোগ বাস্তবায়নের সুযোগ রয়েছে। কার্বন ক্রেডিট অর্জনের বিষয়টি শুরু থেকেই পরিকল্পনায় রাখার আহ্বান জানিয়ে তিনি বলেন, সৌরবিদ্যুৎ স্থাপনের পাশাপাশি কার্বন নিঃসরণ কতটা কমছে, তা নিরূপণের ব্যবস্থা রাখতে হবে। কার্বন ক্রেডিট অর্জনের প্রক্রিয়ায়ও ইউজিসি প্রয়োজনীয় সহযোগিতা দেবে। ইউজিসি চেয়ারম্যান আরও বলেন, সৌরবিদ্যুৎ স্থাপনের বিষয়ে বিশ্ববিদ্যালয়গুলোর উপাচার্যদের প্রয়োজনীয় নির্দেশনা, চুক্তির খসড়া ও প্রাসঙ্গিক তথ্য সরবরাহ করা হবে। বিশ্ববিদ্যালয়গুলো এখনই উদ্যোগ নিলে আগামী এক মাসের মধ্যে কাজ শুরু করা সম্ভব। সভায় ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ডিন অধ্যাপক ড. এম শামসুল আলম এবং বিদ্যুৎ বিভাগের সিনিয়র সহকারী সচিব তাহমিলুর রহমান বিশ্ববিদ্যালয়ের ভবনের ছাদে সৌরবিদ্যুৎ স্থাপন ও ওপেক্স মডেলে এর সম্প্রসারণ বিষয়ে পৃথক দুটি প্রবন্ধ উপস্থাপন করেন। অনুষ্ঠানে বক্তব্য দেন বিদ্যুৎ বিভাগের সচিব মিরানা মাহরুখ, ইউজিসি সদস্য অধ্যাপক ড. মাছুমা হাবিব, যবিপ্রবির উপাচার্য অধ্যাপক ড. ইয়ারুল কবীর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদের সভাপতি ও বুয়েটের উপাচার্য অধ্যাপক ড. এস এম আবদুর রাজ্জাক, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ফরিদুল ইসলাম, হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম এনামুল্লাহ এবং ইউজিসি সচিব ড. মো. ফখরুল ইসলাম। এ ছাড়া ইউজিসি সদস্য অধ্যাপক ড. আবদুল্লাহ-আল-মামুন, অধ্যাপক মো. মেহেদী হাসান খান ও অধ্যাপক ড. মো. আসলাম হোসেন, কমিশনের আইসিটি বিভাগের পরিচালক মো. ওমর ফারুকসহ ৩১টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও ইউজিসির জ্যেষ্ঠ কর্মকর্তারা সভায় উপস্থিত ছিলেন।

ভাণ্ডারিয়ায় দুর্ঘটনায় নিহত

হাসপাতালে নিয়ে আসে। সেখানে প্রাথমিক চিকিৎসা শেষে উভয়কে উন্নত চিকিৎসার জন্য বরিশাল রেফার করা হয়। এসময় আহত অপর সহপাঠীকে বরিশাল শের ই বাংলা ম্যাডিক্যাল কলেজ হাসপাতালে নেয়া হয়। এবং ছিয়াম নিজ বাড়িতে আসে। একই দিন রাতে ছিয়াম রক্ত বমি করলে শনিবার সকালে তাকে খুলনা ২৫০সজ্জা হাসপাতালে উন্নত চিকিৎসার জন্য ভর্তি করা হয়। রবিবার বিকাল আনুমানিক সাড়ে পাঁচটার দিকে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

পোশাকশ্রমিকদের বিক্ষোভ: ৫ মামলায়

পুলিশ। এছাড়া মিরপুরে সড়কে পরিস্থিতি এখন স্বাভাবিক রয়েছে। একইসঙ্গে, যান চলাচলও স্বাভাবিক রয়েছে। তিনি বলেন, রাজনৈতিক পরিচয়ে কেউ যাতে অস্থিতিশীলতা তৈরি করতে না পারে, সে বিষয়ে কঠোর অবস্থানে রয়েছে আইনশৃঙ্খলা বাহিনী। এর আগে গোয়েন্দা পুলিশ দাবি করে গ্রেফতার ব্যক্তিদের মধ্যে বেশ কয়েকজন কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ, যুবলীগ ও ছাত্রলীগের নেতা-কর্মী রয়েছে। শ্রমিক আন্দোলনকে কেন্দ্র করে সহিংসতার ঘটনায় আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর অভিযান অব্যাহত রয়েছে। সোমবার দুপুরে মিরপুর মডেল ও পল্লবী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তারা (ওসি) এসব তথ্য জানান। মিরপুর মডেল থানার ওসি মো. হাফিজুর রহমান জানান, ট্রাফিক বক্স ভাঙচুর ও পুলিশের ওপর হামলার ঘটনায় তাঁর থানায় একটি মামলা হয়েছে। মামলায় অজ্ঞাতনামা তিন হাজার ব্যক্তিকে আসামি করা হয়েছে। এ ঘটনায় এখন পর্যন্ত ছয়জনকে গ্রেফতার করা হয়েছে। ওসি হাফিজুর রহমান বলেন, আজও কয়েকজনকে গ্রেফতার করা হয়েছে। তবে তাঁদের পরিচয় ও সংশ্লিষ্টতা যাচাই-বাছাই করা হচ্ছে। সিসিটিভি ক্যামেরার ফুটেজ পর্যালোচনা করে জড়িত ব্যক্তিদের শনাক্ত ও গ্রেপ্তারের চেষ্টা চলছে। অন্যদিকে পল্লবী থানার ওসি জালাল উদ্দিন জানান, পুলিশের গাড়িতে অগ্নিসংযোগ, পুলিশের ওপর হামলা, সরকারি কাজে বাধা ও ট্রাফিক বক্স ভাঙচুরের অভিযোগে তাঁর থানায় তিনটি মামলা হয়েছে। সব মামলার বাদী পুলিশ। ওসি জালাল উদ্দিন আরও জানান, প্রতিটি মামলায় অজ্ঞাতনামা দুই হাজার থেকে আড়াই হাজার ব্যক্তিকে আসামি করা হয়েছে। এসব মামলায় এখন পর্যন্ত ১৬ জনকে গ্রেফতার করা হয়েছে।

জমি দখল করতে শতাধিক ফল গাছের

মো. আব্দুর রশিদ খাঁন ভোগদখল করে আসছেন। ২৬ বছর আগে ওই জমিতে তিনি আম, জাম ও কাঁঠালসহ বিভিন্ন প্রজাতির ফল গাছ রোপণ করেন। সোমবার সকালে জমি দখল করতে এসব গাছ কেটে ফেলেন মো. কামরুজ্জামান ও তার লোকজন। ভুক্তভোগী আব্দুর রশিদ খান বলেন, ২০০০ সালে পানি উন্নয়ন বোর্ডের আমার দখলীয় ২ শতাংশ জমিতে আম, জাম ও কাঁঠালসহ বিভিন্ন প্রজাতির শতাধিক ফলদ গাছ রোপণ করেছি। দলের প্রভাব খাটিয়ে ওই জমি জোরপূর্বক দখল করতে ইসলামী আন্দোলন নেতা মাওলানা মো. কামরুজ্জামান সব গাছ কেটে ফেলেছে। এ ঘটনায় উপজেলা নির্বাহী অফিসারের কাছে অভিযোগ দিয়েছি। অভিযুক্ত কামরুজ্জামান বলেন, গাছ কাটার বিষয়ে আমি কিছুই জানি না। আমার বিরুদ্ধে মিথ্যা অভিযোগ দেওয়া হয়েছে। ইউএনও হাসান মো. হাফিজুর রহমান বলেন, গাছ কাটার বিষয়ে অভিযোগ পেয়েছি। তদন্ত করে ব্যবস্থা নেওয়া হবে।

হায়দার হত্যা মামলায় মৃত্যুদণ্ডপ্রাপ্ত

হোসাইনকে গুলি করে হত্যা করা হয়। তিনি ২০০৫ সালে ঝালকাঠিতে দুই বিচারক হত্যা মামলায় রাষ্ট্রপক্ষের আইনজীবী হিসেবে দায়িত্ব পালন করেছিলেন। ওই হত্যাকাণ্ডে নিষিদ্ধ জঙ্গি সংগঠন জামাআতুল মুজাহিদীন বাংলাদেশের (জেএমবি) সদস্যরা জড়িত ছিল। এর আগে ২০০৫ সালের ১৪ নভেম্বর জেএমবির আত্মঘাতী বোমা হামলায় ঝালকাঠির দুই বিচারক জগন্নাথ পাড়ে ও সোহেল আহম্মেদ নিহত হন। ওই হত্যা মামলায় ২০০৬ সালের ২৯ মে শায়খ আবদুর রহমান, বাংলা ভাইসহ সাতজনকে মৃত্যুদণ্ড দেন আদালত। ২০০৭ সালের ২১ মার্চ তাদের মৃত্যুদণ্ড কার্যকর করা হয়। এর প্রায় তিন সপ্তাহ পর আইনজীবী হায়দার হোসাইন হত্যাকাণ্ডের শিকার হন। এ ঘটনায় ২০০৭ সালের ১২ এপ্রিল নিহতের একমাত্র ছেলে তারিক বিন হায়দার ঝালকাঠি থানায় হত্যা মামলা করেন। মামলাটি তদন্ত শেষে ২০১০ সালের ১৭ জানুয়ারি পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি) পাঁচজনের বিরুদ্ধে আদালতে অভিযোগপত্র জমা দেয়। অভিযোগপত্রভুক্ত আসামিরা হলেন- খুলনার মুরাদ হোসেন, বরগুনার আবু শাহাদাত মোহাম্মদ তানভীর, বেল্লাল হোসেন, ঢাকার উত্তরখানের সগির হোসেন ভুঁইয়া ও আমিনুল ওরফে আমির হোসেন। ২০১৫ সালের ১১ ফেব্রুয়ারি ঝালকাঠির অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালত পাঁচ আসামিকে মৃত্যুদণ্ড দেন। পরে আসামিপক্ষ উচ্চ আদালতে আপিল করে। ২০২০ সালের ১০ ফেব্রুয়ারি উচ্চ আদালতও তাদের মৃত্যুদণ্ড বহাল রাখেন। ঝালকাঠির অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালতের পাবলিক প্রসিকিউটর (পিপি) হুমায়ুন কবির বাবুল জানান, এ মামলায় মৃত্যুদণ্ডপ্রাপ্ত চার আসামি আগে থেকেই ঢাকার কেরানীগঞ্জ কারাগারে রয়েছেন। বেল্লাল হোসেন আত্মসমর্পণ করায় এ মামলায় মৃত্যুদণ্ডপ্রাপ্ত পাঁচ আসামিই এখন কারাগারে। আগে কারাগারে থাকা চার আসামির আপিল সুপ্রিম কোর্টে শুনানির অপেক্ষায় রয়েছে।

বিএনপি নেতাকে মারধরের অভিযোগে

ব্যক্তিরা তাঁকে কিল-ঘুষি মেরে আহত করেন। নাম প্রকাশ না করার শর্তে স্থানীয় কয়েকজন প্রত্যক্ষদর্শী ও ব্যবসায়ী জানান, হামলার সময় চার-পাঁচজন ছিলেন। ব্যবসায়ীরা এগিয়ে গেলে তাঁরা মোটরসাইকেলে করে চলে যান। পরে স্থানীয় লোকজন আহত খলিলুর রহমানকে দুমকী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। বর্তমানে তিনি সেখানে চিকিৎসাধীন। এ ঘটনায় ওই দিনই খলিলুর রহমান বাদী হয়ে দুমকী থানায় মামলা করেন। মামলায় ছয়জনের নাম উল্লেখ করে অজ্ঞাতনামা আরও সাত-আটজনকে আসামি করা হয়েছে। গ্রেফতার ইমরান এজাহারভুক্ত দুই নম্বর আসামি। তবে হামলার অভিযোগ অস্বীকার করেছেন মামলার এক নম্বর আসামি মো. রাকিব। তাঁর দাবি, ছাত্রদলের কয়েকজন বালুর ড্রেজারের লাইন বসাতে গেলে খলিলুর রহমান বাধা দেন এবং টাকা দাবি করেন। এ নিয়ে কথা-কাটাকাটির একপর্যায়ে ধাক্কাধাক্কি হলে খলিলুর রহমান সড়কে পড়ে আহত হন। তাঁকে কেউ আঘাত করেননি। ওসি মো. সেলিম উদ্দিন জানান, ইমরানকে গ্রেপ্তারের পর আদালতে পাঠানো হয়েছে। মামলার অন্য আসামিদের গ্রেপ্তারে পুলিশ তৎপর রয়েছে।

মা ইলিশ সংরক্ষণে হেলিকপ্টার

(আইএসপিআর) এক বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়- এ সময়, বাংলাদেশ বিমানবাহিনীর হেলিকপ্টারের মাধ্যমে দেশের গুরুত্বপূর্ণ নদী ও উপকূলীয় অঞ্চলে আকাশপথে নজরদারি চালিয়ে মা ইলিশ সংরক্ষণ কার্যক্রমে সহায়তা প্রদান করা হয়। ঢাকা থেকে মুন্সীগঞ্জ, মাদারীপুর, শরীয়তপুর, বরিশাল ও ভোলা জেলার নদীসমূহে, যশোর থেকে খুলনা, বাগেরহাট ও সাতক্ষীরা জেলার নদীসমূহে এবং চট্টগ্রাম থেকে কুতুবদিয়া অঞ্চলের নদীসমূহে আকাশপথে বিশেষ নজরদারি মিশন পরিচালনা করা। ঢাকা থেকে মুন্সীগঞ্জ, মাদারীপুর এবং শরীয়তপুর জেলার নদীগুলোতে নজরদারি মিশন পরিচালনার সময় মাদারীপুর ও শরীয়তপুর জেলার নদীতে জেলেদের মাছ ধরার নৌযান দেখ গেলে হেলিকপ্টার থেকে উচ্চ-ক্ষমতাসম্পন্ন সার্চলাইট (নাইট সান) ব্যবহার করে ওই নৌযানকে সর্তক করা হয়। বিমানবাহিনী জানায়, তাদের হেলিকপ্টারে সংযুক্ত উচ্চক্ষমতাসম্পন্ন সার্চলাইট অন্ধকারে দৃশ্যমানতা বাড়াতে সহায়তা করে। ফলে সন্ধ্যার পরও নদীতে মাছ ধরার নৌযানগুলো পর্যবেক্ষণ করা সম্ভব হয়। পাশাপাশি এসব মিশনে এয়ারক্রুরা নাইট ভিশন গগলস (এনভিজি) ব্যবহার করেন, যা স্বল্প আলোতেও নজরদারি এবং নিষিদ্ধ মাছ ধরার কার্যক্রম শনাক্ত করতে সহায়ক ভূমিকা রাখে। এ ছাড়া আকাশ থেকে ভূমিতে যোগাযোগব্যবস্থার মাধ্যমে মাঠপর্যায়ের আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও মৎস্য মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সঙ্গে সমন্বয় বজায় রাখা হয়। বিমানবাহিনী আরও জানায়, নির্ধারিত অভিযান ছাড়াও দেশের বিভিন্ন বিমানঘাঁটি থেকে পরিচালিত প্রশিক্ষণ মিশনের অংশ হিসেবে উপকূলীয় এলাকায় নিচু দিয়ে উড্ডয়নের মাধ্যমে বিশেষ নজরদারি কার্যক্রম চালানো হচ্ছে। 'ইন এইড টু সিভিল পাওয়ার'-এর আওতায় পরিচালিত এসব কার্যক্রমের মাধ্যমে দেশের প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ ও জাতীয় উন্নয়নে ভূমিকা রাখছে বাংলাদেশ বিমানবাহিনী। পরিবেশ ও প্রাকৃতিক সম্পদ রক্ষায় এ ধরনের কার্যক্রম ভবিষ্যতেও অব্যাহত রাখার কথা জানিয়েছে সংস্থাটি।

নেছারাবাদে পাইলিং করে নির্মাণ

নির্মাণ করা হচ্ছে। এর দৈর্ঘ্য ৭৯ দশমিক ৪২ মিটার। গত ৯ মার্চ গৃহায়ণ ও গণপূর্ত প্রতিমন্ত্রী আহম্মেদ সোহেল মঞ্জু সেতুটির ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। এ সময় তিনি ঠিকাদার মো. মাসুদ খানকে নির্ধারিত সময়ে কাজ শেষ করার নির্দেশ দেন। পরে নির্মাণকাজ পরিদর্শন করেও দ্রুত কাজ শেষ করার তাগিদ দেন তিনি। স্থানীয়দের অভিযোগ, পাইল স্থাপন ছাড়া দৃশ্যমান তেমন কোনো কাজ হয়নি। এদিকে নতুন সেতুর নির্মাণকাজ বন্ধ থাকায় পাশের ঝুঁকিপূর্ণ পুরোনো সেতু দিয়েই যাত্রী ও পণ্যবাহী যানবাহন চলাচল করছে। স্থানীয় বাসিন্দা ফরিদ শেখ বলেন, দুই-তিন মাস কাজ চলার পর নির্মাণকাজ বন্ধ হয়ে যায়। ঝুঁকিপূর্ণ পুরোনো সেতু দিয়ে প্রতিদিন যানবাহন চলাচল করায় দুর্ঘটনার আশঙ্কা রয়েছে। জলাবাড়ী ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান মোহেদী সরোয়ার বলেন, উপজেলা থেকে জেলা শহরে যোগাযোগের অন্যতম গুরুত্বপূর্ণ মাধ্যম এই সেতু। প্রতিদিন যাত্রীবাহী বাস, মালবাহী ট্রাকসহ শত শত যানবাহন পুরোনো সেতু দিয়ে চলাচল করছে। এতে যেকোনো সময় বড় দুর্ঘটনা ঘটতে পারে। নির্মাণকাজের দায়িত্বে থাকা ঠিকাদারি প্রতিষ্ঠান ওরিয়েন্ট ট্রেডিং অ্যান্ড বিল্ডার্সের প্রতিনিধি গৌতম সাহা বলেন, 'পানির অতিরিক্ত স্রোতের কারণে প্রায় পাঁচ মাস কাজ বন্ধ ছিল। আগামী কালীপূজার পর আবার কাজ শুরু হবে। সেতুর ৬৮টি পাইলের মধ্যে ৪৮টি স্থাপন করা হয়েছে। বাকি পাইলগুলো পর্যায়ক্রমে বসানো হবে। তবে পুরো কাজ শেষ হতে আরও প্রায় দুই বছর লাগতে পারে।' অন্যদিকে ঠিকাদারি প্রতিষ্ঠানের পরিচালক মো. মাসুদ খান বলেন, 'অ্যাপ্রোচ সড়ক নির্মাণের জন্য প্রকল্পে জমি অধিগ্রহণের বরাদ্দ নেই। জমির মালিকদের সঙ্গে সমঝোতা করে জমির ব্যবস্থা করতে সময় লেগেছে। এ ছাড়া স্রোতের কারণে পাঁচ থেকে ছয় মাস কাজ বন্ধ ছিল।' তাঁর দাবি, ইতিমধ্যে ৩০ শতাংশ কাজ শেষ হয়েছে। আগামী এক বছরের মধ্যে কাজ শেষ করার আশা করছেন তিনি। পিরোজপুর সওজের নির্বাহী প্রকৌশলী মো. রাসেল বলেন, '২০২৭ সালের ৭ জুলাই প্রকল্পের কাজের মেয়াদ শেষ হবে। এ পর্যন্ত ৪০ শতাংশ কাজ সম্পন্ন হয়েছে এবং বাস্তবায়িত কাজের বিপরীতে বিল পরিশোধ করা হয়েছে।'

ফাজিল-কামিল মাদরাসার গভর্নিং

পরিচালিত ফাজিল ও কামিল মাদরাসাসমূহের গভর্নিং বডি ও এডহক কমিটি বাতিল করা হয়েছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের ওই সিদ্ধান্তের বৈধতা চ্যালেঞ্জ করে হাইকোর্টে রিট আবেদন করা হয়। রিটের শুনানি শেষে আদালত সংশ্লিষ্ট অফিস আদেশের কার্যকারিতা স্থগিত করেন।

বরিশালে মাছের চড়া দামে হতাশ

কেজি দরে বিক্রি হচ্ছে। এছাড়া ইলিশ মাছ আকার ভেদে ৫০০ থেকে ২৮০০ টাকা পর্যন্ত কেজি বিক্রি হচ্ছে। অপরদিকে পাইকারি সবজির বাজার ঘুরে দেখা গেছে, কাঁচামরিচ গত সপ্তাহের দামে ৮০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে। পটল ৩০ টাকা, ঢেঁড়স ৪০, চিচিঙ্গা ৪০, ধুন্দল ৫০, ঝিঙা ৪০, করলা ৪০, ফুলকপি ৪০, বাঁধাকপি ৫৫, গাজর ৯০, পেঁপে ৬-১০, লাউ ৪০, লেবুর হালি ৩০ টাকা দরে বিক্রি হচ্ছে। এদিকে শীতকালীন সিম ৯০-১০০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে। এসব সবজি আবার খুচরা বাজারে ২০ থেকে ৪০ টাকা পর্যন্ত বেশি দামে বিক্রি করতে দেখা গেছে। নগরীর বাংলাবাজারে আসা ক্রেতা রাসেল বলেন, কয়েকদিন ধরে সবজির দাম স্বাভাবিক থাকলেও মাছের বাজারে আগুন। নিজেদের নদ-নদীর মাছের দামও নাগালের বাইরে, সাধারণ মানুষ কি কিনে খাবে। এজন্য নিয়মিত বাজার মনিটরিং দরকার। আমিন নামের এক ক্রেতা বলেন, যখন বৃষ্টির সিজন ছিল তখন শুনেছি বৃষ্টির কারণে সবজির সরবরাহ কম তাই দাম বেশি। এখন আবার শুনছি পরিবহন খরচ বৃদ্ধি পেয়েছে, তাই দাম বাড়তি। বাড়তি দামের কারণে সাধারণ মানুষের ওপর চাপ বেড়েছে। নগরীর বহুমুখী সিটি মার্কেট পাইকারি সবজির বাজারের দুলাল বানিজ্যালয়ের শুভ নামের এক ব্যবসায়ী বলেন, দাম কমানো ও বাড়ানোর বিষয়ে এখানকার ব্যবসায়ীদের কোনো হাত নেই। এখানে ব্যবসায়ীরা পণ্য কিনে আনার পর যেমন কেনা তেমন দামে বিক্রি করেন। এদিকে নগরীর পোর্ট রোড পাইকারি মাছ বাজারের ব্যবসায়ীরা বলছেন, নদীর মাছের সরবরাহ না থাকায় চাহিদা ও দাম দুটোই বেড়েছে চাষের মাছের। সপ্তাহ ব্যবধানে আকার ও প্রকারভেদে বিভিন্ন মাছের দাম কেজিতে ৫০-১০০ টাকা পর্যন্ত বেড়েছে। এতে পছন্দের মাছ কিনতে না পারার আক্ষেপ ক্রেতাদের কণ্ঠে। জনি নামে এক ক্রেতা বলেন, এক কেজি চিংড়ি মাছ ৫৫০ থেকে ৬০০ টাকায় কিনেছি। এখন সেই চিংড়ি মাছ ১৩০০ টাকা পর্যন্ত বিক্রি হচ্ছে। একইভাবে অন্যান্য মাছের দামও বেড়েছে। ফলে চাহিদা অনুযায়ী পছন্দের মাছ কিনতে না পেরে তেলাপিয়া ও পাঙ্গাশ মাছ কিনতে হয়। আরেক ক্রেতা একরামুল বলেন, ইলিশ তো আর দেশের বাইরে থেকে রপ্তানি হয় না, নিজেদের নদ-নদীর ইলিশ তাও কেনার সাধ্য নেই, এখন অন্যান্য মাছও কেনা যাচ্ছে না। চাষের পাঙ্গাশ ও তেলাপিয়া মাছের দামও দিনদিন বাড়ছে। আসলে দাম কমানো বা বাড়ানো এটা সম্পূর্ণ ব্যবসায়ীদের কারসাজি। এদিকে কিছুটা স্বস্তি রয়েছে মুরগির বাজারে। কিছু দিন ধরেই ব্রয়লার মুরগি প্রতি কেজি ১৭০-১৭৫ টাকা বিক্রি হচ্ছে, লেয়ার ৩৩০, আর সোনালি মুরগি বিক্রি হচ্ছে ২৮০ টাকায়। তবে অপরিবর্তিত রয়েছে গরু ও খাসির মাংসের দাম।

আগৈলঝাড়ায় ৩২ গ্রাম পুলিশের মাঝে

আরও দক্ষতা ও গতিশীলতা আসবে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) নিরুপম মজুমদার। তিনি বলেন, গ্রাম পুলিশ ইউনিয়ন পর্যায়ে প্রশাসনের গুরুত্বপূর্ণ সহযোগী। তাঁদের চলাচল সহজ করা ও দায়িত্ব পালনে সহায়তা করতেই বাইসাইকেল ও পোশাক দেওয়া হয়েছে। নিজ নিজ এলাকায় সততা, নিষ্ঠা ও দায়িত্বশীলতার সঙ্গে কাজ করার জন্য তিনি গ্রাম পুলিশ সদস্যদের প্রতি আহ্বান জানান। এ সময় উপস্থিত ছিলেন বরিশাল জেলা উত্তর বিএনপির সদস্যসচিব মিজানুর রহমান মুকুল, আগৈলঝাড়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ মাসুদ খান, উপজেলা বিএনপির ভারপ্রাপ্ত আহ্বায়ক শিকদার হাফিজুল ইসলাম, সদস্যসচিব মোল্লা বশির আহমেদ পান্না, যুগ্ম আহ্বায়ক শাহ মো. বখতিয়ার, সরোয়ার হোসেন মিয়া, আবুল হোসেন মোল্লা, শামছুল হক খোকন ও কার্তিক বেপারী প্রমুখ।

বরিশালে অবৈধ ড্রেজার সরাতে

তা বাতিল করা হয়। তবে দরপত্র বাতিলের পরও সেখানে ড্রেজার দিয়ে বালু উত্তোলন এবং নদীর পাড়ে পাইপ স্থাপন করে রাখার অভিযোগ ওঠে। এতে নদীর পাড় ও পরিবেশের ক্ষতির আশঙ্কা তৈরি হয়। অভিযান শেষে উচ্ছেদ শাখার প্রধান মো. লকিতুল্লাহ্ সিকদার বলেন, নদীর পাড় ও পরিবেশ রক্ষায় কর্তৃপক্ষের নির্দেশনা অমান্য করে ড্রেজারের পাইপ ফেলে রাখা কিংবা বালু উত্তোলনের সুযোগ নেই। দরপত্র বাতিলের পরও কেউ অবৈধভাবে বালু উত্তোলন বা ড্রেজার স্থাপনের চেষ্টা করলে তা মেনে নেওয়া হবে না। তিনি আরও বলেন, সরকারি নির্দেশনা অমান্য করে নদীর পাড় দখল, অবৈধ স্থাপনা নির্মাণ কিংবা পরিবেশের ক্ষতি করে এমন কর্মকাণ্ডের বিরুদ্ধে অভিযান অব্যাহত থাকবে। এসব কাজে জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

যুদ্ধ বন্ধে খসড়া প্রস্তাব, দোহা

পরবর্তী সময়ে আবারও বৈঠক হতে পারে। সোমবার আলোচনার সঙ্গে সংশ্লিষ্ট এক কর্মকর্তার বরাত দিয়ে ব্রিটিশ বার্তা সংস্থা রয়টার্স এ তথ্য জানিয়েছে। প্রতিবেদনে বলা হয়েছে, রোববার দোহা ত্যাগ করেন ইরানি প্রতিনিধিরা। তবে আলোচনায় কোনো জটিলতা তৈরি হওয়ায় তাঁরা শহরটি ছেড়েছেন, এমন নয় বলে জানিয়েছেন ওই কর্মকর্তা। সম্ভাব্য চুক্তির খসড়া প্রস্তাবের বিষয়েও বিস্তারিত কিছু জানাননি তিনি। ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র জানিয়েছেন, হরমুজ প্রণালি পুনরায় চালু করা এবং ইরানের বিরুদ্ধে যুক্তরাষ্ট্রের নৌ অবরোধ প্রত্যাহারের লক্ষ্যে তেহরানের তৈরি সাত দফার একটি পরিকল্পনা নিয়ে আলোচনা হয়েছে। গত সেপ্টেম্বরে পরিকল্পনাটি তৈরি করা হয়েছিল। সমঝোতা চুক্তির আওতায় প্রস্তাবটি আরও কম সময়ের মধ্যে বাস্তবায়ন করা সম্ভব হতে পারে বলেও ইঙ্গিত দিয়েছে ইরান। মুখপাত্র ইসমাইল বাঘাই বলেন, কাতারের মধ্যস্থতাকারীদের মাধ্যমে ওয়াশিংটনের সঙ্গে বার্তা আদান-প্রদান সহজ করতে ইরানের উপপররাষ্ট্রমন্ত্রী কাজেম গারিবাবাদি দোহায় অবস্থান করছিলেন। ইসমাইল বাঘাই বলেন, "আমাদের দাবিগুলো অত্যন্ত স্পষ্টভাবে এবং স্বচ্ছতার সঙ্গে তুলে ধরা হয়েছে। এসব দাবি যৌক্তিক এবং ন্যায়সঙ্গত। মার্কিন নৌ অবরোধের অবসান, ইরানের সব দাবির প্রতি সম্মান এবং ইরানের ন্যায্য প্রয়োজনীয়তা পূরণ না হওয়া পর্যন্ত চূড়ান্ত কোনও চুক্তি সই হবে না। এমনকি এসব দাবি পূরণ না হওয়া পর্যন্ত হরমুজ প্রণালি পুনরায় উন্মুক্ত বা সুরক্ষিত করাও সম্ভব নয়।" শনিবার কাতারভিত্তিক সম্প্রচারমাধ্যম আল জাজিরাকে দেওয়া সাক্ষাৎকারে ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি জানান, চুক্তির আওতায় হরমুজ প্রণালি খুলে দেওয়ার বিষয়ে সাত দিনের যে পরিকল্পনা করা হয়েছিল, তা কমিয়ে দুই দিনের মধ্যে বাস্তবায়ন করা সম্ভব। ইরানের প্রাথমিক প্রস্তাবটি এর আগে প্রত্যাখ্যান করেছিলেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। আগামীকাল মঙ্গলবার যুক্তরাষ্ট্রে মধ্যবর্তী নির্বাচন অনুষ্ঠিত হবে। নির্বাচন শেষে দুই দেশের মধ্যে সংঘাত আবারও বাড়তে পারে–এমন আশঙ্কার মধ্যেই সর্বশেষ দফার কূটনৈতিক আলোচনা হয়েছে। নির্বাচন নিয়ে তেহরানের অবস্থান জানতে চাইলে ইসমাইল বাঘাই বলেন, যুক্তরাষ্ট্রের নির্বাচনের পর দেশটিতে নতুন কোনো যুক্তরাষ্ট্রের জন্ম হবে বলে ইরান মনে করে না। ট্রাম্প জানিয়েছেন, নির্বাচনের আগে ইরানে নতুন করে কোনো হামলা চালাবে না যুক্তরাষ্ট্র। তেহরানের সঙ্গে ফলপ্রসূ আলোচনা হয়েছে বলেও দাবি করেছেন তিনি। তবে ভবিষ্যতে আবারও সামরিক পদক্ষেপ নেওয়ার সম্ভাবনা নাকচ করেননি মার্কিন প্রেসিডেন্ট।

ইরানে পারমাণবিক হামলার জন্য

সন্দেহভাজন একটি পারমাণবিক স্থাপনায় হামলার অনুমোদন দিতে ট্রাম্পের ওপর চাপ সৃষ্টি করছেন ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু। তবে এ বিষয়ে এখনো কোনো চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি বলে জানিয়েছে মার্কিন প্রশাসন। সোমবার (২ নভেম্বর) এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে বার্তা সংস্থা আনাদোলু। প্রতিবেদনে বলা হয়, স্থানীয় সময় রোববার (১ নভেম্বর) রাতে সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে প্রকাশিত দীর্ঘ এক পোস্টে এসব দাবি করেন টাকার কার্লসন। তাঁর ভাষ্য অনুযায়ী, ইরানের মধ্যাঞ্চলে পিকঅ্যাক্স মাউন্টেন নামে পরিচিত একটি পাহাড়ি স্থাপনাকে সম্ভাব্য হামলার লক্ষ্য হিসেবে বিবেচনা করা হচ্ছে। ইসরায়েলি গোয়েন্দাদের ধারণা, সেখানে ইরান আবারও ইউরেনিয়াম সমৃদ্ধকরণের কার্যক্রম শুরু করেছে। তবে ওই স্থাপনায় এ ধরনের কার্যক্রম চলছে, এমন কোনো নিশ্চিত প্রমাণ প্রকাশ করা হয়নি। টাকার কার্লসন যুক্তরাষ্ট্রের একজন রক্ষণশীল রাজনৈতিক ভাষ্যকার ও বিশ্লেষক। তিনি একসময় ফক্স নিউজের উপস্থাপক ছিলেন। তাঁর অনুষ্ঠান 'টাকার কার্লসন টুনাইট' ২০১৬ থেকে ২০২৩ সাল পর্যন্ত প্রচারিত হয়। বর্তমানে সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে নিজের স্বাধীন রাজনৈতিক অনুষ্ঠান পরিচালনা করেন তিনি। সেখানে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রনীতি ও আন্তর্জাতিক পরিস্থিতি নিয়ে নিয়মিত মতামত দেন কার্লসন। তাঁর দাবি, পিকঅ্যাক্স মাউন্টেনের ভূগর্ভস্থ সুড়ঙ্গগুলো প্রায় ৩০০ ফুট পুরু কঠিন গ্রানাইট পাথরের নিচে সুরক্ষিত। এ কারণে যুক্তরাষ্ট্রের প্রচলিত অস্ত্র দিয়ে সেখানে আঘাত করা সম্ভব নয়। এমন পরিস্থিতিতে পারমাণবিক হামলাই একমাত্র সামরিক বিকল্প হয়ে উঠেছে বলে দাবি করেছেন তিনি। নেতানিয়াহু প্রতিদিন এ বিষয়ে ট্রাম্পের সঙ্গে যোগাযোগ করছেন বলেও অভিযোগ করেছেন কার্লসন। অজ্ঞাতনামা একটি সূত্রের বক্তব্য উদ্ধৃত করে তিনি লেখেন, 'বিবি (বেনিয়ামিন নেতানিয়াহু) এ বিষয়ে প্রতিদিন ট্রাম্পকে ফোন করেন।' কার্লসনের মতে, ইরানে নতুন করে সামরিক অভিযান শুরুর জন্য নেতানিয়াহুর তৎপরতার পেছনে তাঁর নিজস্ব রাজনৈতিক ভবিষ্যতের বিষয়টি জড়িত। তিনি দাবি করেন, সাম্প্রতিক নির্বাচনের ফলাফলের পর ইসরায়েলের পার্লামেন্ট নেসেটে ৬১ আসনের সংখ্যাগরিষ্ঠতা নিশ্চিত করতে ট্রাম্পের সহযোগিতা প্রয়োজন নেতানিয়াহুর। তা না হলে তিনি ক্ষমতা হারাতে পারেন। একই সঙ্গে তাঁর বিরুদ্ধে তদন্ত শুরু হওয়া এবং কারাবাসের আশঙ্কাও রয়েছে বলে দাবি করেন কার্লসন। ইরানে বড় ধরনের সামরিক অভিযান পুনরায় শুরু করতে যুক্তরাষ্ট্রের শীর্ষ কর্মকর্তাদের ওপরও চাপ প্রয়োগ করছেন নেতানিয়াহু বলে অভিযোগ করেছেন তিনি। এ তালিকায় রয়েছেন মার্কিন প্রতিরক্ষামন্ত্রী পিট হেগসেথ এবং যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনীর সেন্ট্রাল কমান্ডের প্রধান অ্যাডমিরাল ব্র্যাড কুপার। এ ছাড়া যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও ও কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থার (সিআইএ) পরিচালক জন র‍্যাটক্লিফও নেতানিয়াহুর অবস্থানের সঙ্গে একমত বলে দাবি করেছেন কার্লসন। ইরানে নতুন করে যুদ্ধ শুরু হলে এর প্রভাব পুরো মধ্যপ্রাচ্যে ছড়িয়ে পড়তে পারে বলে সতর্ক করেছেন এই বিশ্লেষক। তাঁর দাবি, যুক্তরাষ্ট্রের মধ্যপ্রাচ্যভিত্তিক মিত্র দেশগুলোও নতুন করে সংঘাত শুরু হওয়ার আশঙ্কায় উদ্বিগ্ন।

১১২১ কোটি টাকা আত্মসাৎ: সালমানসহ ৬৯ জনের বিরুদ্ধে তিন মামলা

কীর্তনখোলা ডেস্ক

কাগজে-কলমে প্রতিষ্ঠান খুলে ব্যাংক থেকে ঋণসুবিধা নিয়ে ১ হাজার ১২১ কোটি ৪৯ লাখ ৪ হাজার ৭৫৪ টাকা ৯০ পয়সা আত্মসাৎ ও বিদেশে পাচারের অভিযোগে বেক্সিমকো গ্রুপের ভাইস চেয়ারম্যান এবং সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার শিল্প ও বিনিয়োগ উপদেষ্টা সালমান এফ রহমানসহ সংশ্লিষ্ট ব্যক্তিদের বিরুদ্ধে পৃথক তিনটি মামলা দায়েরের অনুমোদন দিয়েছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। সোমবার (২ নভেম্বর) দুদক সচিব সাইদুর রহমান খান এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান। তিনি জানান, স্পিংফুল অ্যাপারেলস, আরবান ফ্যাশনস ও মিডওয়েস্ট গার্মেন্টস নামে তিন প্রতিষ্ঠানের ঋণের অর্থ আত্মসাৎ ও পাচারের অভিযোগে এসব মামলা করা হচ্ছে। তিন মামলায় সালমান এফ রহমানসহ যথাক্রমে ২২, ২২ ও ২৫ জনকে আসামি করা হয়েছে। সব মিলিয়ে পৃথক তিন মামলায় আসামি ৬৯ জন। তাদের মধ্যে কয়েকজন একাধিক মামলায় আসামি হয়েছেন। দুদকের অনুসন্ধানে দেখা গেছে, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোর পরিচালকদের ব্যবসা পরিচালনার পূর্ব অভিজ্ঞতা না থাকলেও তাদের অনুকূলে বিপুল অঙ্কের ঋণসুবিধা মঞ্জুর ও বিতরণ করা হয়। পরে আমদানি-রপ্তানির আড়ালে ভুয়া অ্যাকোমোডেশন বিল তৈরি করে অর্থ স্থানান্তর করা হয়। এভাবে ভুয়া বাণিজ্যিক লেনদেন দেখিয়ে ব্যাংকের অর্থ আত্মসাৎ এবং বিভিন্ন প্রক্রিয়ায় বিদেশে পাচার করা হয়েছে বলে অনুসন্ধানে উঠে এসেছে। দুদকের নথি অনুযায়ী, তিন প্রতিষ্ঠানের নামে নেওয়া ঋণের বিপরীতে মোট ১ হাজার ১২১ কোটি ৪৯ লাখ ৪ হাজার ৭৫৪ টাকা ৯০ পয়সা আত্মসাৎ ও পাচারের অভিযোগ আনা হয়েছে। দুদকের অনুমোদিত মামলার বিবরণ অনুযায়ী, স্পিংফুল অ্যাপারেলস লিমিটেডের নামে ১৪১ কোটি ২৮ লাখ ১ হাজার ১৭১ টাকা ২৫ পয়সা আত্মসাৎ ও পাচারের অভিযোগ আনা হয়েছে। এ মামলায় সালমান এফ রহমানসহ ২২ জনকে আসামি করা হয়েছে। অন্য আসামিরা হলেন–এ এস এম এফ রহমান, ইকবাল আহমেদ, ওসমান কায়সার চৌধুরী ওরফে ও কে চৌধুরী, এ বি সিদ্দিকুর রহমান, মাসুদ ইকরামুল্লাহ খান, শাহ মঞ্জুরুল হক, রীম এইচ শামসুদ্দোহা, মোহাইমিনুল ইসলাম, কোহিনুর আবেদিন, আবু নাঈম মাহমুদ সালেহিন, মো. মোস্তাফিজুর রহমান তানভীর, আহমেদ শায়ান ফজলুর রহমান, আহমেদ শাহরিয়ার রহমান, আবদুছ ছালাম আজাদ, আবদুল জব্বার, মিজানুর রহমান, মো. হুমায়ুন কবির টালী, মো. আবদুর রহিম, মো. মোয়াজ্জেম হোসেন, মোহাম্মদ মিজানুর রহমান ও এম এম মাহাতাব হোসাইন বাদশা। আরবান ফ্যাশনস লিমিটেডের নামে ৪১৭ কোটি ৪ লাখ ৪ হাজার ৫৬ টাকা ৫ পয়সা আত্মসাৎ ও পাচারের অভিযোগে দ্বিতীয় মামলার অনুমোদন দেওয়া হয়েছে। এ মামলায়ও সালমান এফ রহমানসহ ২২ জনকে আসামি করা হয়েছে। এ মামলার অন্য আসামিরা হলেন–এ এস এম এফ রহমান, ইকবাল আহমেদ, ওসমান কায়সার চৌধুরী ওরফে ও কে চৌধুরী, এ বি সিদ্দিকুর রহমান, মাসুদ ইকরামুল্লাহ খান, শাহ মঞ্জুরুল হক, রীম এইচ শামসুদ্দোহা, হেলাল উদ্দিন, সাহিদা রহমান, আবু নাঈম মাহমুদ সালেহিন, মো. মোস্তাফিজুর রহমান তানভীর, আহমেদ শায়ান ফজলুর রহমান, আহমেদ শাহরিয়ার রহমান, আবদুছ ছালাম আজাদ, ইসমাইল হোসেন, মো. শহিদুল হক, মিজানুর রহমান, মো. মমতাজুল ইসলাম, মো. মোয়াজ্জেম হোসেন, মো. সালেহ আহমেদ ও রফিকুল ইসলাম। মিডওয়েস্ট গার্মেন্টস লিমিটেডের নামে ৫৬৩ কোটি ১৬ লাখ ৯৯ হাজার ৫২৭ টাকা ৬০ পয়সা আত্মসাৎ ও পাচারের অভিযোগ আনা হয়েছে তৃতীয় মামলায়। এ মামলায় সালমান এফ রহমানসহ ২৫ জনকে আসামি করা হয়েছে। অন্য আসামিরা হলেন–এ এস এম এফ রহমান, ইকবাল আহমেদ, ওসমান কায়সার চৌধুরী ওরফে ও কে চৌধুরী, এ বি সিদ্দিকুর রহমান, মাসুদ ইকরামুল্লাহ খান, শাহ মঞ্জুরুল হক, রীম এইচ শামসুদ্দোহা, মোহাইমিনুল ইসলাম, কোহিনুর আবেদিন, আবু নাঈম মাহমুদ সালেহিন, মো. মোস্তাফিজুর রহমান তানভীর, আহমেদ শায়ান ফজলুর রহমান, আহমেদ শাহরিয়ার রহমান, আবদুছ ছালাম আজাদ, আবদুল জব্বার, মো. শহিদুল হক, মিজানুর রহমান, মো. মমতাজুল ইসলাম, মো. আবদুর রহিম, মো. মোয়াজ্জেম হোসেন, মো. সালেহ আহমেদ, রফিকুল ইসলাম, এম এম মাহাতাব হোসাইন বাদশা ও মো. হুমায়ুন কবির টালী। দুদকের অনুসন্ধানে বলা হয়েছে, তিন প্রতিষ্ঠানের ব্যবসা পরিচালনার পূর্ব অভিজ্ঞতা না থাকা সত্ত্বেও ব্যাংক থেকে তাদের ঋণসুবিধা দেওয়া হয়। পরে এসব ঋণের বিপরীতে আমদানি-রপ্তানির আড়ালে ভুয়া অ্যাকোমোডেশন বিল তৈরি করা হয়। এসব বিলের মাধ্যমে আমদানি-রপ্তানি কার্যক্রম দেখিয়ে অর্থের লেনদেন সম্পন্ন করা হয়েছে। অনুসন্ধানে আরও উঠে এসেছে, ভুয়া বিল তৈরি করে আমদানি-রপ্তানির অর্থ পরিশোধের নামে অর্থ স্থানান্তর করা হয়। নিজেদের মধ্যে আমদানি-রপ্তানি হয়েছে, এমন চিত্র তৈরি করে ব্যাংকের অর্থ আত্মসাৎ করা হয়। পরে বিভিন্ন প্রক্রিয়ায় অর্থ স্থানান্তর, রূপান্তর ও হস্তান্তরের মাধ্যমে বিদেশে পাচার করা হয়েছে। দুদকের অভিযোগ, ব্যাংক কর্মকর্তাদের ক্ষমতার অপব্যবহার ও পারস্পরিক যোগসাজশে এসব ঋণসুবিধা মঞ্জুর ও বিতরণ করা হয়। এতে ব্যাংকের সংশ্লিষ্ট কর্মকর্তা, প্রতিষ্ঠানগুলোর পরিচালক এবং ব্যবস্থাপনার সঙ্গে যুক্ত ব্যক্তিরা জড়িত ছিলেন। দুদকের অনুমোদিত মামলাগুলোতে আসামিদের বিরুদ্ধে দণ্ডবিধির ৪০৯, ৪২০, ৪৬৭, ৪৬৮, ৪৭১, ৪৭৭(ক) ও ১০৯ ধারায় অপরাধের অভিযোগ আনা হয়েছে। এ ছাড়া দুর্নীতি প্রতিরোধ আইন, ১৯৪৭-এর ৫(২) ধারা এবং মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ (সংশোধিত আইন, ২০১৫)-এর ৪(২) ও ৪(৩) ধারায় অপরাধের অভিযোগ আনা হয়েছে।

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ মঙ্গলবার ॥ ০৩ নভেম্বর ২০২৬ ॥ ১৮ কার্তিক ১৪৩৩

ইরানে পারমাণবিক হামলার জন্য ট্রাম্পকে চাপ দিচ্ছেন নেতানিয়াহু

কীর্তনখোলা ডেস্ক

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রশাসন আগামী কয়েক দিনের মধ্যেই ইরানে পারমাণবিক হামলা চালাতে পারে বলে দাবি করেছেন মার্কিন রাজনৈতিক ভাষ্যকার ও বিশ্লেষক টাকার কার্লসন। তাঁর অভিযোগ, ইরানের মধ্যাঞ্চলে ৩ এর পাতায় দেখুন

যুদ্ধ বন্ধে খসড়া প্রস্তাব, দোহা ছাড়লেন ইরানি আলোচকরা

কীর্তনখোলা ডেস্ক

যুক্তরাষ্ট্রের সঙ্গে চলমান যুদ্ধের অবসান ঘটাতে কাতারের মধ্যস্থতাকারীদের সঙ্গে আলোচনায় অংশ নেওয়া ইরানি প্রতিনিধিরা দোহা ছেড়েছেন। এদিকে সম্ভাব্য সমঝোতা চুক্তির একটি খসড়া প্রস্তাব নিয়ে আলোচনা চলছে। এ বিষয়ে ৩ এর পাতায় দেখুন



বরিশালে মাছের চড়া দামে হতাশ ক্রেতারা, সবজি স্থিতিশীল

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালে সবজির দামে স্থিতিশীলতা থাকলেও মাছের চড়া মূল্যে বাজারে গিয়ে হতাশ হয়ে ফিরছেন ক্রেতারা। ২২ দিনের নিষেধাজ্ঞা শেষে বাজারে ইলিশের সরবরাহ বাড়লেও দেশীয় প্রজাতির মাছ কম থাকায় চাহিদা ও দাম বেড়েছে চাষের মাছের। চড়া দামের কারণে মাছ কিনতে পারছেন না সাধারণ মানুষ। সোমবার (২ নভেম্বর) সকালে বরিশাল নগরীর পোর্ট রোড মাছের বাজার ও বহুমুখী সিটি মার্কেট পাইকারি সবজির বাজার ঘুরে দেখা গেছে এমন চিত্র। পোর্ট রোড মাছের বাজার ঘুরে দেখা গেছে, প্রতি কেজি পাবদা মাছ ৩০০-৩২০ টাকা কেজি, রুই ২৮০ থেকে ৪৫০ টাকা, কাতলা ২৮০ থেকে ৫০০, তেলাপিয়া ১৬০ থেকে ১৮০, পাঙাশ ১৮০ থেকে ২০০, চাষের কৈ ২০০ থেকে ২২০, দেশি কৈ ৫৫০ থেকে ৬০০, চাষের শিং ৫০০ থেকে ৬০০, টেংরা ৫৫০ থেকে ৬৫০, বোয়াল ৬০০ থেকে ৮০০, চিংড়ি ৭৫০ থেকে ১৩০০ এবং কোরাল ৫০০ থেকে ৯৫০ টাকা ৩ এর পাতায় দেখুন



নেছারাবাদে পাইলিং করে নির্মাণ বন্ধ ২২ কোটির সেতুর

কীর্তনখোলা রিপোর্ট

পিরোজপুরের নেছারাবাদে ২২ কোটি টাকা ব্যয়ে নির্মাণাধীন নাপিতখালী সেতুর কাজ ছয় মাস ধরে বন্ধ রয়েছে। প্রায় এক বছর আগে নির্মাণকাজ শুরু হলেও এখন পর্যন্ত উল্লেখযোগ্য অগ্রগতি নেই বলে অভিযোগ স্থানীয়দের। ১৭ মাসের মধ্যে কাজ শেষ করার কথা থাকলেও নির্ধারিত সময়ে সেতুটি চালু হওয়া নিয়ে অনিশ্চয়তা দেখা দিয়েছে। ঠিকাদারি প্রতিষ্ঠানের এক প্রতিনিধির দাবি, পুরো কাজ শেষ হতে আরও প্রায় দুই বছর লাগতে পারে। তবে সড়ক ও জনপথ (সওজ) বিভাগের নির্বাহী প্রকৌশলীর দাবি, ইতিমধ্যে ৪০ শতাংশ কাজ শেষ হয়েছে। জানা গেছে, সেতুটি নেছারাবাদ-স্বরূপকাঠি থেকে পিরোজপুর সড়কের নাপিতখালী এলাকায় ৩ এর পাতায় দেখুন

মা ইলিশ সংরক্ষণে হেলিকপ্টার নিয়ে অভিযানে বিমানবাহিনী

কীর্তনখোলা ডেস্ক

মা ইলিশের প্রজনন মৌসুমে সংরক্ষণ কার্যক্রম সফল করতে দেশের গুরুত্বপূর্ণ নদী ও উপকূলীয় অঞ্চলে হেলিকপ্টার নিয়ে বিশেষ নজরদারি অভিযান পরিচালনা করেছে বাংলাদেশ বিমানবাহিনী। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের উদ্যোগে পরিচালিত 'মা ইলিশ সংরক্ষণ অভিযান-২০২৬'-এর আওতায় গত ৮ অক্টোবর থেকে ২৯ অক্টোবর পর্যন্ত আকাশপথে এ নজরদারি কার্যক্রম চালানো হয়। সোমবার (২ নভেম্বর) আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তরের ৩ এর পাতায় দেখুন

বরিশালে অবৈধ ড্রেজার সরাতে কালিজিরায় অভিযান

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল নগরের কালিজিরা নদীর পাড়ে দরপত্র বাতিলের পরও অবৈধভাবে ড্রেজার বসিয়ে বালু উত্তোলন ও পাইপ ফেলে রাখার অভিযোগে উচ্ছেদ অভিযান চালিয়েছে কর্তৃপক্ষ। এ সময় অবৈধভাবে স্থাপন করা ড্রেজারের পাইপ জব্দ ও অপসারণ করা হয়। সোমবার (২ নভেম্বর) দুপুরে নগরের ২৬ নম্বর ওয়ার্ডের কালিজিরা নদীর পাড়ে এ অভিযান পরিচালনা করা হয়। উচ্ছেদ শাখার প্রধান মো. লকিতুল্লাহ্ সিকদারের নেতৃত্বে শাখার কর্মকর্তা-কর্মচারীরা এতে অংশ নেন। অভিযানকালে নদীর পাড়ে ফেলে রাখা ড্রেজারের পাইপগুলো জব্দ করে সরিয়ে নেওয়া হয়। জানা গেছে, কালিজিরা নদীর পাড়ে বালু উত্তোলনের জন্য আগে দরপত্র আহ্বান করা হলেও পরবর্তী সময়ে ৩ এর পাতায় দেখুন

হায়দার হত্যা মামলায় মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামির ১৯ বছর পর আত্মসমর্পণ

কীর্তনখোলা রিপোর্ট



ঝালকাঠির আলোচিত সরকারি কৌঁসুলি (পিপি) অ্যাডভোকেট হায়দার হোসাইন হত্যা মামলায় মৃত্যুদণ্ডপ্রাপ্ত পলাতক আসামি বেল্লাল হোসেন ১৯ বছর পর আদালতে আত্মসমর্পণ করেছেন। সোমবার (২ নভেম্বর) দুপুরে ঝালকাঠির অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালতে হাজির হয়ে তিনি আত্মসমর্পণ করেন। পরে আদালতের বিচারক রুবাইয়া আমিনা তাকে কারাগারে পাঠানোর নির্দেশ দেন। আত্মসমর্পণ করা বেল্লাল হোসেন (৪০) বরগুনার তালতলী উপজেলার ছোটবগি গ্রামের মফিজ উদ্দিন হাওলাদারের ছেলে। হত্যাকাণ্ডের সময় তিনি ঝালকাঠির বিকনা গাজী বাড়ি মসজিদের মুয়াজ্জিন ছিলেন। মামলার বিবরণ অনুযায়ী, ২০০৭ সালের ১১ এপ্রিল রাতে এশার নামাজ শেষে কবরস্থান জামে মসজিদ থেকে বের হওয়ার সময় অ্যাডভোকেট হায়দার ৩ এর পাতায় দেখুন

ফাজিল-কামিল মাদরাসার গভর্নিং বডি বাতিলের সিদ্ধান্ত স্থগিত

কীর্তনখোলা ডেস্ক

ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে পরিচালিত ফাজিল ও কামিল মাদরাসাগুলোর গভর্নিং বডি ও এডহক কমিটি বাতিলের সিদ্ধান্ত স্থগিত করেছেন হাইকোর্ট। একই সঙ্গে এ বিষয়ে জারি করা রুলের মাধ্যমে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে ব্যাখ্যা চাওয়া হয়েছে। বিষয়টি নিশ্চিত করেন রিটকারী আইনজীবী পারভেজ হোসেন। এ-সংক্রান্ত বিষয়ে দায়ের করা এক রিট আবেদনের শুনানিতে সোমবার (২ নভেম্বর) হাইকোর্টের বিচারপতি শিকদার মাহমুদুর রাজী ও বিচারপতি ফাতেমা আনোয়ারের সমন্বয়ে গঠিত বেঞ্চ এই আদেশ দেন। আদালতে রিট আবেদনকারীর পক্ষে শুনানি করেন আইনজীবী পারভেজ হোসেন। অন্যদিকে, হাইকোর্টের এ আদেশের বিরুদ্ধে আপিল বিভাগে আবেদন করা হতে পারে বলে জানিয়েছেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল নূর মোহাম্মদ আজমী। গত ১৯ অক্টোবর ইসলামী আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ফাজিল ও কামিল মাদরাসাগুলোর গভর্নিং বডি ও এডহক কমিটি বাতিল করে একটি অফিস আদেশ জারি করে। ওই আদেশে বলা হয়, গত ১৬ অক্টোবর অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের ৪৩তম সিন্ডিকেট সভার সিদ্ধান্ত অনুযায়ী ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে ৩ এর পাতায় দেখুন



জমি দখল করতে শতাধিক ফল গাছের সর্বনাশ করলেন ইসলামী আন্দোলনের নেতা

কীর্তনখোলা রিপোর্ট

বরগুনায় পানি উন্নয়ন বোর্ডের জমিতে রোপনকৃত শতাধিক ফলদ গাছ কেটে ফেলার অভিযোগ উঠেছে ইসলামী আন্দোলন বাংলাদেশ আমতলী পৌর শাখার সভাপতি ও দলীয় মেয়র মনোনীত প্রার্থী মো. কামরুজ্জামানের বিরুদ্ধে। সোমবার (২ নভেম্বর) বিকেলে গাছ রোপনকারী মো. আব্দুর রশিদ খাঁন কামরুজ্জামানের বিরুদ্ধে উপজেলা নির্বাহী কর্মকর্তার (ইউএনও) কাছে অভিযোগ দিয়েছেন। এর আগে সকালে আমতলী পৌর শহরের পুরাতন লঞ্চঘাট এলাকায় এ ঘটনা ঘটে। জানা গেছে, আমতলী পৌর শহরের ৪৩/১ পোল্ডারের পুরাতন লঞ্চঘাট এলাকার ২ শতাংশ জমি ৩ এর পাতায় দেখুন



পোশাকশ্রমিকদের বিক্ষোভ: ৫ মামলায় আসামি ১৩ হাজার, গ্রেফতার ৩০

কীর্তনখোলা ডেস্ক

ন্যূনতম মাসিক মজুরি ৩০ হাজার টাকা করার দাবিতে রাজধানীর মিরপুরে শ্রমিকদের বিক্ষোভ, সংঘর্ষ, অগ্নিসংযোগ ও পুলিশের ওপর হামলার ঘটনায় এখন পর্যন্ত পাঁচটি মামলা করা হয়েছে। এসব মামলায় অন্তত ১৩ হাজার জনকে আসামি করা হয়েছে। মামলায় এ পর্যন্ত গ্রেফতার হয়েছেন ৩০ জন। সোমবার বিকেলে পুলিশের এডিশনাল ডিআইজি মহিদুল ইসলাম এই তথ্য জানিয়েছেন। মহিদুল ইসলাম বলেন, কেউ যাতে শ্রমিক আন্দোলনের নামে বিশৃঙ্খলা করতে না পারে, সেজন্য সতর্ক অবস্থানে রয়েছে ৩ এর পাতায় দেখুন

গ্রীষ্মে সৌরবিদ্যুৎ থেকে ৩-৪ হাজার মেগাওয়াট উৎপাদনের লক্ষ্য

কীর্তনখোলা ডেস্ক

আগামী গ্রীষ্মে বিদ্যুৎ সংকট সহনীয় পর্যায়ে রাখতে সৌরবিদ্যুৎ থেকে ৩ থেকে ৪ হাজার মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্য নির্ধারণ করেছে সরকার। এ লক্ষ্য অর্জনে ভবনের ছাদে সৌরবিদ্যুৎ প্যানেল স্থাপন বা রুফটপ সোলার ব্যবস্থাকে অন্যতম সহজ ও কার্যকর সমাধান হিসেবে বিবেচনা করছে বিদ্যুৎ বিভাগ। সোমবার (২ নভেম্বর) রাজধানীর আগারগাঁওয়ে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) উদ্যোগে ৩১টি পাবলিক বিশ্ববিদ্যালয়ে সৌরবিদ্যুৎ ব্যবস্থা স্থাপনবিষয়ক মতবিনিময় সভায় এ কথা জানান বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত। প্রতিমন্ত্রী বলেন, এবারের গ্রীষ্মে বিদ্যুৎ নিয়ে সাধারণ মানুষকে যে ভোগান্তি পোহাতে হয়েছে, আগামী গ্রীষ্মে তার পুনরাবৃত্তি ঠেকাতে সরকার কাজ করছে। সৌরবিদ্যুতের ব্যবহার সম্প্রসারণে মাত্র দুই মাসের মধ্যে একটি নীতিমালা প্রণয়ন করা হয়েছে। সংশ্লিষ্ট অংশীজনদের মতামতের ভিত্তিতে তৈরি এ নীতিমালা প্রয়োজন অনুযায়ী ৩ এর পাতায় দেখুন

আগামী কয়েক দিনে কমতে পারে রাতের তাপমাত্রা

কীর্তনখোলা ডেস্ক

আগামী কয়েক দিনে তাপমাত্রা কিছুটা কমতে পারে বলে জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর। সোমবার (২ নভেম্বর) বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের আবহাওয়াবিদ ড. মো. ওমর ফারুক এর দেওয়া পূর্বাভাসে এ তথ্য জানানো হয়। আবহাওয়া অধিদপ্তর জানায়, মঙ্গলবার সকাল ৯টার মধ্যে অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে। সেই সাথে সারা দেশে রাত এবং দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। আজ ৩ নভেম্বর সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘন্টায় সারাদেশে রাতের তাপমাত্রা সামান্য কমতে পারে এবং দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। সেই সাথে অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারা দেশের আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে। আগামী ৪ নভেম্বর সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘন্টায় অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে। সেই সাথে সারাদেশে রাত এবং দিনের তাপমাত্রা সামান্য কমতে পারে। আগামী ৫ নভেম্বর ৩ এর পাতায় দেখুন



আগৈলঝাড়ায় ৩২ গ্রাম পুলিশের মাঝে বাইসাইকেল ও পোশাক বিতরণ

আগৈলঝাড়া প্রতিনিধি

বরিশালের আগৈলঝাড়ায় পাঁচটি ইউনিয়নের ৩২ জন গ্রাম পুলিশের মাঝে বাইসাইকেল ও পোশাক বিতরণ করা হয়েছে। সোমবার দুপুরে উপজেলা পরিষদ চত্বরে এসব সামগ্রী বিতরণ করেন প্রধান অতিথি, প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা ও বরিশাল-১ আসনের সংসদ সদস্য জহির উদ্দিন স্বপন। গ্রাম পুলিশের চলাচল সহজ করা এবং দায়িত্ব পালনে গতিশীলতা বাড়াতে উপজেলা প্রশাসনের উদ্যোগে এসব সামগ্রী বিতরণ করা হয়। অনুষ্ঠানে জহির উদ্দিন স্বপন বলেন, স্থানীয় পর্যায়ে আইনশৃঙ্খলা রক্ষা ও সাধারণ মানুষের সেবায় গ্রাম পুলিশ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। তাঁদের প্রয়োজনীয় সুযোগ-সুবিধা নিশ্চিত করা গেলে দায়িত্ব পালনে ৩ এর পাতায় দেখুন



বিএনপি নেতাকে মারধরের অভিযোগে সাবেক ছাত্রদল নেতা গ্রেফতার

কীর্তনখোলা রিপোর্ট

পটুয়াখালীর দুমকীতে বিএনপি নেতা মো. খলিলুর রহমান জোমাদ্দারকে মারধর করে আহত করার অভিযোগে সাবেক ছাত্রদল নেতা মো. সফিকুল ইসলাম ইমরানকে গ্রেফতার করেছে পুলিশ। তাঁকে গ্রেপ্তারের বিষয়টি নিশ্চিত করেন দুমকী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. সেলিম উদ্দিন। আহত খলিলুর রহমান উপজেলার শ্রীরামপুর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক। গ্রেফতার ইমরান একই ইউনিয়নের ১ নম্বর ওয়ার্ডের জলিল হাওলাদারের ছেলে। মামলার এজাহার সূত্রে জানা গেছে, গত ৩১ অক্টোবর সকালে উপজেলার তালতলী বাজারের একটি দোকানে বসে মোবাইলে কথা বলছিলেন খলিলুর রহমান। এ সময় রাকিব ও ইমরানসহ কয়েকজন তাঁকে উদ্দেশ্য করে গালাগাল করেন। এর প্রতিবাদ করলে কথা-কাটাকাটি শুরু হয়। একপর্যায়ে অভিযুক্ত ৩ এর পাতায় দেখুন

ভাণ্ডারিয়ায় দুর্ঘটনায় নিহত ছিয়ামের দাফন সম্পন্ন

ভাণ্ডারিয়া প্রতিনিধি

পিরোজপুরের ভাণ্ডারিয়ায় সড়ক দুর্ঘটনায় মৃত মো.সোলায়মান (ছিয়াম) শরীফ (২২) নামে এক অগ্নিনির্বাপনকর্মীর গতকাল সোমবার সকাল ১০টায় ভাণ্ডারিয়া সরকারি কলেজ মাঠে জানাজা নামাজ শেষে পারিবারিক কবরস্থানে দাফন করা হয়। ছিয়াম শরীফ ভাণ্ডারিয়া পৌরসভার ১নম্বর ওয়ার্ডের লক্ষ্মীপুরা গ্রামের মো. কালাম শরীফের ছেলে এবং চাঁদপুরের মতলব থানার ফায়ার স্টেশন ও সিভিল ডিফেন্স কার্যালয় অগ্নি নির্বাপনকর্মী ছিলেন। স্থানীয় ও স্বজন সূত্রে জানা গেছে, গত কয়েক দিন নিজ বাড়িতে ছুটি কাটিয়ে গত শুক্রবার বিকালে একই স্থানে কর্মরত অপর এক সহপাঠীর সাথে তার মোটর সাইকেল যোগে কর্মস্থল যাওয়ার পথে পার্শবর্তী রাজাপুর উপজেলার রাজাপুর-বরিশাল আঞ্চলিক মহাসড়কের নলকাটা নামক স্থানে সড়কে দাঁড়াণো একটি অটোরিক্সার সাথে ধাক্কা লেগে গুরুতর আহত হয় তারা। এসময় স্থানীয়রা আহতদের উদ্ধার করে দ্রুত ভাণ্ডারিয়া ৩ এর পাতায় দেখুন











প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক
মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com